



কিন্ডারগার্টেন ওরিয়েন্টেশন গাইড

2026 সালের ফল-এ (হেমন্তে) যেসব প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী কিন্ডারগার্টেনে যাবে, তাদের পরিবারদের জন্য

প্রিয় পরিবারবর্গ,

প্রিস্কুল থেকে কিন্ডারগার্টেনে উত্তীর্ণ হওয়ার মাধ্যমে আপনার সন্তানের জীবনে উদ্দীপনাময় একটি নতুন অধ্যায়ের সূচনা হয়। আমরা জানি যে এই উত্তরণ সম্পর্কে আপনার মনে অনেক প্রশ্ন জাগতে পারে এবং আমরা আশা করছি যে সেসব প্রশ্নের অনেকগুলোর উত্তর এই গাইডে পাওয়া যাবে। এই কিন্ডারগার্টেন ওরিয়েন্টেশন গাইড ফল-এ (হেমস্টে) কিন্ডারগার্টেনে অংশগ্রহণকারী প্রতিবন্ধিতাযুক্ত ছেলেমেয়েদের পিতামাতাদেরকে তথ্য প্রদান করবে।

আমরা আপনাকে আমাদের কিন্ডারগার্টেন ওরিয়েন্টেশন মিটিংয়ে যোগদানের আমন্ত্রণও জানাচ্ছি, যেখানে আমরা:

- কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন (কিন্ডারগার্টেন ভর্তি প্রক্রিয়া) সম্পর্কে তথ্য জানানো
- কিন্ডারগার্টেনের IEP প্রক্রিয়াটি ব্যাখ্যা করবো
- স্কুল-বয়সী শিক্ষার্থীদের যে স্পেশাল এডুকেশন পরিষেবা দেয়া হবে, তার বিবরণ দিব
- আপনার অন্য কোনো প্রশ্ন থাকলে তার উত্তর দিব

আপনি যদি কিন্ডারগার্টেন ওরিয়েন্টেশন মিটিংয়ে যোগদানে আগ্রহী হন, তবে অনুগ্রহ করে আরও তথ্যের জন্য 718-935-2013 নম্বরে ফোন করুন অথবা সময়সূচির জন্য আমাদের ওয়েবসাইট দেখুন:

<https://www.schools.nyc.gov/calendar>.

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলিতে স্পেশাল এডুকেশন সম্পর্কিত তথ্যের জন্য, অনুগ্রহ করে আমাদের স্কুল-বয়সীদের জন্য স্পেশাল এডুকেশন পরিষেবা সংক্রান্ত ফ্যামিলি গাইড (ফ্যামিলি গাইড টু স্পেশাল এডুকেশন স্কুল-এজ সার্ভিসেস) দেখুন, যা **অনলাইনে** এই ঠিকানায় পাওয়া যাবে:

schools.nyc.gov/special-education/preschool-to-age-21/special-education-in-nyc.

আমরা আমাদের শিক্ষার্থীদের সাফল্য নিশ্চিত করার জন্য পরিবারদের সাথে একযোগে কাজ করতে অঙ্গীকারবদ্ধ। আসন্ন শিক্ষা বছরের জন্য আমরা একসাথে পরিকল্পনা করার সময়, আমাদের কর্মীগণ আপনাদের প্রশ্নের উত্তর ও সহায়তা দিতে প্রস্তুত থাকবেন। আপনার সন্তানের কিন্ডারগার্টেনে উত্তরণ যাতে সহজ ও সফল হয়, সেজন্য আমরা আপনার সাথে একযোগে কাজ করার প্রত্যাশা করছি।

আন্তরিকভাবে,

A handwritten signature in black ink, appearing to read 'Christina'.

ক্রিস্টিনা ফটি (Christina Foti)

ডেপুটি চ্যান্সেলর

ডিভিশন অফ ইনক্লুসিভ অ্যান্ড অ্যাক্সেসিবল লার্নিং

NYC পাবলিক স্কুলস্

বিষয়সূচি



নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এ স্পেশাল এডুকেশন.....	4
কিভারগাটেনের জন্য প্রস্তুতি গ্রহণ: দুইটি প্রক্রিয়া	5
কিভারগাটেনে ভর্তির আবেদন	6
কিভারগাটেনে IEP প্রক্রিয়া	9
ডিস্ট্রিক্ট 1-32-এর স্কুলগুলোতে স্পেশাল এডুকেশন পরিষেবাসমূহ	15
ডিস্ট্রিক্ট 1-32-এর স্কুলগুলোতে বিশেষায়িত বা স্পেশালাইজড প্রোগ্রামসমূহ	16
ডিস্ট্রিক্ট 75	19
সংশ্লিষ্ট পরিষেবা	20
আসনদানের অন্যান্য সুপারিশ.....	23
প্রিস্কুল থেকে উত্তরণের সময় পিতামাতার অধিকার.....	24
কীভাবে সহায়তা পেতে পারেন	26
পারিশিষ্ট A: প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ	27
পারিশিষ্ট B: বিভিন্ন ওয়েবসাইট এবং যোগাযোগের তথ্য	28
পারিশিষ্ট C: মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্ম.....	29

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এ স্পেশাল এডুকেশন

আমরা নিশ্চিত করতে চাই যে, সকল প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর:

- চ্যালেঞ্জপূর্ণ ক্লাস নেয়ার সুযোগ রয়েছে এবং তাদেরকে যথোপযুক্ত উচ্চ শিক্ষায়তনিক মানদণ্ড অনুযায়ী বিচার করা হয়
- প্রতিবন্ধিতাহীন শিক্ষার্থীদের সঙ্গে যথাসম্ভব একই ক্লাসে শিক্ষাদান করা হয়
- সফল হওয়ার জন্য প্রয়োজনীয় পরিষেবা লাভের পাশাপাশি, তাদের জোনভুক্ত স্কুলগুলোতে অথবা আগ্রহের স্কুলগুলোতে সর্বোচ্চ সম্ভব অংশগ্রহণ করতে তারা যেন সক্ষম হয়

প্রতিবন্ধিতাযুক্ত সকল শিক্ষার্থী যাদের স্পেশাল এডুকেশন পরিষেবার আবশ্যিকতা আছে তাদের ইন্ডিভিডুয়াল এডুকেশন প্রোগ্রাম (IEP) থাকে। একটি টিম যারা IEP তৈরি করে, তাদের মাঝে পিতামাতা হিসেবে আপনিও অন্তর্ভুক্ত। এতে রয়েছে আপনার সন্তানের আগ্রহ, সে যেগুলিতে ভালো করছে, এবং তার চাহিদা সম্পর্কিত তথ্য। IEP আপনার সন্তানের শিক্ষা বছরের জন্যেও লক্ষ্য নির্ধারণ করবে এবং তাতে স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং সংশ্লিষ্ট পরিষেবাসমূহের বিবরণ থাকবে, যেগুলো তার এসব লক্ষ্য পূরণে সহায়ক হবে।

স্পেশাল এডুকেশন একটি “ক্লাস” অথবা একটি “স্থান” নয়। স্পেশাল এডুকেশন ব্যাপক পরিসরের সহায়তা ও পরিষেবাসমূহের বর্ণনা দেয়:

- একটি IEP-তে স্কুল দিবসের ভিন্ন ভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন ধরনের ক্লাস এবং পরিষেবাসমূহ অন্তর্ভুক্ত থাকে।
 - উদাহরণস্বরূপ, একজন শিক্ষার্থী যার রিডিংয়ে বাড়তি সহায়তার প্রয়োজন, সে একটি ছোট-ক্লাস (স্বল্প সংখ্যক শিক্ষার্থী) কাঠামোতে রিডিংয়ে শিক্ষা-নির্দেশনা পেতে পারে এবং দিনের বাকি সময় জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষার) ক্লাসে ব্যয় করতে পারে।
- ক্লাসরুমে প্রদানের জন্য একটি IEP বিভিন্ন পরিষেবা অন্তর্ভুক্ত করতে পারে।
 - উদাহরণস্বরূপ, কোনও ক্লাসরুমে পাঠদানের সময় একজন স্পিচ থেরাপিস্ট শিক্ষার্থীর সাথে কাজ করতে পারেন।
- একটি IEP ভিন্ন কোনো স্থানে প্রদানের জন্যেও পরিষেবা অন্তর্ভুক্ত করতে পারে।
 - উদাহরণস্বরূপ, একজন গাইডেন্স কাউন্সেলর তার অফিসে একজন শিক্ষার্থীর সাথে কাজ করতে পারেন।

প্রতিটি শিক্ষার্থীর সুনির্দিষ্ট চাহিদা পূরণের লক্ষ্যে ডিজাইন করা বিভিন্ন পরিকল্পনার মাধ্যমে স্কুলগুলো প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের যত বেশি সম্ভব জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) স্কুলের কোর্সগুলোতে অভিজ্ঞতা প্রদান করতে পারে।



কিন্ডারগার্টেনের জন্য প্রস্তুতি গ্রহণ: দুইটি প্রক্রিয়া

নিউ ইয়র্ক সিটির যেসব পরিবারে এবছর পাঁচ বছর বয়সী হবে এমন ছেলেমেয়ে রয়েছে, তাদের স্কুল থেকে একটি অফার পাবার জন্য কিন্ডারগার্টেনে আবেদন করা উচিত। “কিন্ডারগার্টেনে ভর্তি” প্রক্রিয়াটি, আপনার সন্তানকে অংশগ্রহণ করাতে কোন স্কুলকে(গুলোকে) আপনি পছন্দ করছেন, তা জানানোর একটি সুযোগ প্রদান করে (মনে রাখবেন, অধিকাংশ শিক্ষার্থীই তাদের জোনভুক্ত স্কুলে অংশগ্রহণ করে)।

স্পেশাল এডুকেশন পরিষেবাসমূহের প্রয়োজন হতে পারে, এমন নতুন কিন্ডারগার্টেন শিক্ষার্থীর পরিবার হিসেবে আপনি কিন্ডারগার্টেনে IEP প্রক্রিয়া বা “KIP” প্রক্রিয়াতেও অংশগ্রহণ করবেন। এই প্রক্রিয়ার মাধ্যমে, আপনার সন্তানের কিন্ডারগার্টেনে স্পেশাল এডুকেশন পরিষেবা প্রয়োজন আছে কিনা, এবং যদি থাকে, তাহলে সেই পরিষেবাগুলো কী হবে তা IEP টিম নির্ধারণ করবে। অনেক কিন্ডারগার্টেনের শিক্ষার্থী, যাদের স্পেশাল এডুকেশন পরিষেবার চাহিদা রয়েছে, তারা এগুলো স্কুলে কিন্ডারগার্টেন ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে লাভ করে।

কিন্ডারগার্টেনে ভর্তি (কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন)	কিন্ডারগার্টেনের IEP প্রক্রিয়া (স্পেশাল এডুকেশন সংক্রান্ত বিভিন্ন পরিষেবা এবং সহায়তা নির্ধারণ)
ধাপ 1: মধ্য-হেমন্ত (ফল) থেকে শীতের প্রথম ভাগ পর্যন্ত, কিন্ডারগার্টেনের জন্য আপনার অপশন বা বিকল্পসমূহ অন্বেষণ করা উচিত। (পৃষ্ঠা 6 দেখুন)	ধাপ 1: যখন IEP টিম আপনার সাথে যোগাযোগ করে, কিন্ডারগার্টেন IEP প্রক্রিয়া তখন শুরু হয়। এই প্রক্রিয়া জুড়ে, আপনি ভিন্ন ভিন্ন কয়েকটি নথি বা ডকুমেন্ট পাবেন, যেগুলোকে ‘পূর্ব লিখিত নোটিস’ (প্রায়ের রিটেন নোটিস, PWN) বলা হয়। শুরু করার জন্য, আপনার IEP টিম, “সুপারিশের বিজ্ঞপ্তি” (নোটিশ অড রেকমেন্ডেশন) শিরোনামের একটি PWN শেয়ার করবেন। (9 নং পৃষ্ঠা দেখুন)
ধাপ 2: শীতে (উইন্টার), আপনি কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন করতে পারেন। শেষ তারিখের মধ্যে আবেদনপত্র জমা দিতে ভুলবেন না। (7 নং পৃষ্ঠা দেখুন)	ধাপ 2: প্রয়োজনবোধে, আপনার সন্তানকে পুনর্মূল্যায়ন করা হতে পারে। (9 নং পৃষ্ঠা দেখুন)
ধাপ 3: আপনি যদি কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন করে থাকেন এবং যদি সেটি শেষ তারিখের আগে জমা দিয়ে থাকেন, তবে আপনি স্প্রিং-এ (বসন্তে) একটি অফার লেটার পাবেন। (7 নং পৃষ্ঠা দেখুন)	ধাপ 3: আপনার সন্তানের যদি চিকিৎসাগত চাহিদা থাকে, আপনার IEP মিটিংয়ের আগে আপনার IEP টিমের কাছে আপনার মেডিকেল ফর্মগুলো জমা দেয়া উচিত। (10 নং পৃষ্ঠা দেখুন)
ধাপ 4: আপনি অফার লেটার পাবার পর, আপনার সন্তানকে স্কুলটিতে আপনার রেজিস্টার করতে হবে (বসন্তের প্রথম ভাগ থেকে শেষ নাগাদ পর্যন্ত)। (7 নং পৃষ্ঠা দেখুন)	ধাপ 4: আপনি কিন্ডারগার্টেন IEP মিটিংয়ে যোগ দেবেন। মিটিংগুলো মার্চ থেকে আগস্টের শেষ পর্যন্ত সময়ের মাঝে অনুষ্ঠিত হবে। আপনার মিটিংয়ের সময় নির্ভর করবে আপনি কখন IEP প্রক্রিয়াটি শুরু করেছেন তার উপর। (11 নং পৃষ্ঠা দেখুন)
	ধাপ 5: আপনার সন্তানের যদি কিন্ডারগার্টেনে স্পেশাল এডুকেশন পরিষেবার চাহিদা থাকে, আপনি একটি সবুজ স্কুল লোকেশন লেটার (স্কুলের ঠিকানা বিষয়ক চিঠি) পাবেন। কিন্ডারগার্টেনের IEP প্রক্রিয়াটি কখন শুরু করেছেন তার উপর নির্ভর করে আপনি এই চিঠিটি শিক্ষা বছরের শেষ দিক থেকে আগস্টের শেষ নাগাদ কোনো এক সময় পাবেন। (13 নং পৃষ্ঠা দেখুন)

আপনি যদি কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন করেন, সবুজস্কুল লোকেশন লেটার-এ আপনি যে আসন পাবেন, সেটা আর আপনার অফার লেটার-এ উল্লিখিত স্কুল একই হবে (যদি না তার IEP NYC পাবলিক স্কুলস্-এর একটি স্পেশালাইজড (ডিস্ট্রিক্ট 75) আসন সুপারিশ করে থাকে অথবা আপনার সন্তান কোনো বিশেষায়িত বা স্পেশালাইজড প্রোগ্রামে গৃহীত হয়।) আপনি যদি কিন্ডারগার্টেনে আবেদন না করেন, তবে আপনি একটি অফারের চিঠি পাবেন না, কিন্তু তবুও আপনার সন্তানের IEP মিটিংয়ের পরে আপনার সন্তান কোনো স্কুলে একটি আসন পাবে।

কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন

ছেলেমেয়েরা যে ক্যালেন্ডার বছরে পাঁচ বছর বয়সী হবে, তখন তারা কিন্ডারগার্টেনে যাওয়ার যোগ্য হবে। পরিবারদের ফল-এ (হেমেন্টে) বিভিন্ন স্কুলের বিকল্প নিয়ে ভাবতে শুরু করা এবং শীতে (উইন্টারে) স্কুলের অফার পাবার জন্য কিন্ডারগার্টেনে ভর্তি প্রক্রিয়ায় অংশ নেয়া উচিত। "কিন্ডারগার্টেনে ভর্তি প্রক্রিয়া" কিন্ডারগার্টেনের IEP প্রক্রিয়া থেকে পৃথক। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের উভয় কিন্ডারগার্টেনে ভর্তি প্রক্রিয়া এবং কিন্ডারগার্টেনের IEP প্রক্রিয়ায় অংশগ্রহণ করা উচিত।

যেসব পরিবারে 5 বছর বয়সে পদার্পণ করবে এমন ছেলেমেয়ে রয়েছে, তাদেরকে কিন্ডারগার্টেনে আবেদন করার জন্য উৎসাহিত করা হচ্ছে। আবেদন জমাদানে কোনও ক্ষতি নেই। যেসব পরিবার একটি সাধারণ কিন্ডারগার্টেনে আবেদন জমা দেয়, তারা শুধুমাত্র ঐ স্কুলের ভর্তিতে অগ্রাধিকার অনুযায়ী একটি স্কুলের অফার পেয়ে থাকে। আবেদনপত্র IEP-তে উল্লেখিত পরিষেবাসমূহ বিবেচনায় নেয় না। এর অর্থ হচ্ছে যে আপনার আবেদনের স্কুলগুলোতে একজন IEP-বিহীন শিক্ষার্থীর মতো আপনার একই অগ্রাধিকার আছে।

IEP প্রক্রিয়ার শেষে আপনাকে যদি একটি স্পেশালাইজড প্রোগ্রামের জন্য সুপারিশ করা হয়, তবে আপনি সাধারণ কিন্ডারগার্টেনে ভর্তির আবেদনের মাধ্যমে যে অফারটি পেয়েছেন সেটা উপেক্ষা করতে পারেন। এর পরিবর্তে, আপনি কিন্ডারগার্টেন IEP প্রক্রিয়ার মাধ্যমে একটি চূড়ান্ত আসন পাবেন। কিন্তু, আপনি যদি আবেদন না করেন এবং আপনাকে সর্বশেষে কোনও কমিউনিটি স্কুল পরিবেশের জন্য সুপারিশ করা হয়, তবে আপনি কোনও পছন্দের স্কুলে যোগদানের সুযোগ হারাতে পারেন। প্রথমত, কিন্ডারগার্টেনে ভর্তি প্রক্রিয়ার ব্যাখ্যা নিচে দেয়া হলো। এরপর, কিন্ডারগার্টেনের IEP প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত বিষয় জানানো হবে।

কিন্ডারগার্টেনে ভর্তি বা অ্যাডমিশন

কোনো স্কুলের ভর্তির নিয়ম অনুসারে কিন্ডারগার্টেনে অফার প্রদান করা হয়। অধিকাংশ স্কুলের চারপাশের একটি এলাকা থাকে যেটাকে সেটার “জোন” বলা হয়। আপনি যদি এই জোনের মধ্যে বসবাস করেন, তবে ঐ স্কুলটি আপনার “জোনভুক্ত স্কুল” হিসেবে বিবেচিত হবে। আপনার জোনভুক্ত স্কুল ও ডিস্ট্রিক্ট খুঁজতে, 311 নম্বরে ফোন করুন অথবা আমাদের ওয়েবসাইট দেখুন: schools.nyc.gov/find-a-school. শিক্ষার্থীরা কিন্ডারগার্টেনের জন্য তাদের জোনভুক্ত স্কুলে যাবে সে সম্ভাবনাই সর্বাধিক – এটি প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের বেলায়ও সত্যি।

যেসব পরিবার আবেদনের শেষ তারিখের মধ্যে আবেদনপত্র জমা দিয়েছেন তারা একটি অফার লেটার (ভর্তি প্রস্তাব) পাবেন।

আপনার অপশনগুলো
অনুসন্ধান করুন

আবেদন করুন

অফার লেটার (ভর্তি
প্রস্তাব) গ্রহণ করুন

রেজিস্টার করুন

আপনার অপশনসমূহ অন্বেষণ করুন

আবেদন প্রক্রিয়া সম্পর্কে এবং কীভাবে অফারগুলি দেয়া হয় সেবিষয়ে জানতে আমাদের কিন্ডারগার্টেন অ্যাডমিশনস্ ওয়েবসাইট schools.nyc.gov/Kindergarten দেখুন। বিভিন্ন স্কুল অন্বেষণ করতে myschools.nyc দেখুন।

আবেদন করুন

আপনি আপনার জোনভুক্ত এবং আগ্রহের অন্য যেকোনো স্কুলে এই শীতে আবেদন করতে পারেন। আবেদন করার আগে আপনার সন্তানের IEP তৈরি হবার জন্য আপনার অপেক্ষা করতে হবে না, কারণ কিন্ডারগার্টেনে ভর্তির সিদ্ধান্তে IEP বিবেচনায় নেয়া হয় না।

কিন্ডারগার্টেনে ভর্তির আবেদনপত্র জমা দেয়ার দুইটি উপায় রয়েছে:

- অনলাইনে, **MySchools.nyc**-এ
- ফোনে, 718- 935- 2009 নম্বরে কল করে।

যদি আপনার সহায়তা প্রয়োজন হয়, তবে আপনি সোমবার থেকে বৃহস্পতিবার, 8am থেকে 5pm পর্যন্ত, এবং শুক্রবার, 8 am থেকে 3 pm পর্যন্ত, কোনও ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের সাথে যোগাযোগ করতে পারেন (তথ্যের জন্য 311 নম্বরে ফোন করুন অথবা schools.nyc.gov/welcomecenters দেখুন)।

12-টি ভাষায় আবেদনপত্র অনলাইনে অথবা ব্যক্তিগতভাবে সংগ্রহ করতে পারবেন।

200-টিরও বেশি ভাষায় ফোনে দোভাষী সেবা লভ্য আছে। কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন

সম্পর্কিত আরও তথ্যের জন্য, schools.nyc.gov/Kindergarten দেখুন। অথবা 718-935-2009 নম্বরে ফোন করুন ইমেইলে কিন্ডারগার্টেনে ভর্তির হালনাগাদ তথ্য পাবার জন্য schools.nyc.gov/Sign-Up -এ সাইন-আপ করুন।



একটি অফার গ্রহণ করুন এবং রেজিস্টার করুন

আবেদনের সময়সীমার মধ্যে যেসব পরিবার আবেদন করেছেন, তারা বসন্তে (স্প্রিং-এ) একটি অফার এবং সেই স্কুলে রেজিস্টার করার তথ্যসহ চিঠি পাবে। শিক্ষার্থীরা প্রক্রিয়াটির মাধ্যমে যে স্কুলে ভর্তির অফার পায়, সেটা থেকে যেসব স্কুলকে বেশি অগ্রাধিকার দিয়েছে, তাদেরকে সেগুলোর অপেক্ষা-তালিকায় আপনাআপনিভাবে যোগ করা হয়।

আপনি আপনার অফার পাবার পর, myschools.nyc ব্যবহার করে আপনার অফারটি অনলাইনে গ্রহণ করতে পারেন। আপনার অফার গ্রহণ করতে আপনি স্কুলের সাথে সরাসরি যোগাযোগও করতে পারেন অথবা ফোনে 718-935-2009 নম্বরেও ফোন করতে পারেন। আপনি অফার গ্রহণ করার পর, আপনাকে রেজিস্টার করতে ঐ স্কুলের সাথে অ্যাপয়েন্টমেন্ট করতে হবে।

দ্রষ্টব্য: আপনি যদি প্রস্তাবিত স্কুলেই আপনার সন্তানকে রেজিস্টার করেন, তারপরও আপনি আরেকটি স্কুলের অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্ট থেকে অফার পেতে পারেন। আপনাকে রেজিস্ট্রেশনের সময়সীমার মধ্যে স্কুলের অফারের চিঠিতে উল্লেখিত নথি বা ডকুমেন্টগুলো নিয়ে আসতে হবে। আপনার সন্তানের IEP তৈরি করতে আপনাকে রেজিস্টার করার জন্য অপেক্ষা করতে হবে না। বাস্তবিকভাবে, IEP-যুক্ত অধিকাংশ শিক্ষার্থী ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে যে স্কুলে অফার পায় সেই স্কুলেই যায়, সুতরাং আপনি কিন্ডারগার্টেন ভর্তি প্রক্রিয়ায় যে স্কুলে অফার পেয়েছেন সেখানে রেজিস্টার করতে আমরা সুপারিশ করছি।

আপনি যদি এই অফারটি গ্রহণ করে রেজিস্টার না করেন, তবে আপনি স্কুলটিতে ভর্তির সুযোগ হারাতে পারেন।

অভিগম্য (প্রতিবন্ধীদের জন্য সুবিধাযুক্ত) স্কুল সম্পর্কে দ্রষ্টব্য

প্রতিবন্ধিতাযুক্তদের জন্য বিশেষ সুবিধার (অভিগম্যতা) চাহিদা রয়েছে এমন শিক্ষার্থীদের জন্য কিছু কিছু স্কুল বিন্ডিং অভিগম্য। অভিগম্য স্কুলসমূহের একটি তালিকার জন্য, কিন্ডারগার্টেন ডিরেক্টরিটি পর্যালোচনা করুন, 311 নম্বরে ফোন করুন, অথবা আমাদের ওয়েবসাইট দেখুন: <https://www.schools.nyc.gov/school-life/space-and-facilities/building-accessibility>.

আমাদের মাইস্কুলস্ ডিরেক্টরির প্রতিটি স্কুল অথবা প্রোগ্রামে তিনটি অভিগম্যতার স্তরের একটি লেবেল দেয়া থাকবে:
পূর্ণ অভিগম্য, আংশিক অভিগম্য, অথবা অভিগম্য নয়:

- একটি **পূর্ণ অভিগম্য** ভবন হল এমন একটি ভবন যা 1992 সালের পরে তৈরি করা হয়েছিল, ADA-এর সকল ডিজাইন শর্তাবলী মেনে তৈরি এবং চলাচলে সমস্যাযুক্ত ব্যক্তিদের প্রবেশে কোনো সীমাবদ্ধতার সৃষ্টি করে না।
- একটি **আংশিকভাবে অভিগম্য** ভবন চলাচলে সমস্যাযুক্তদের বিল্ডিংয়ে প্রবেশে ও প্রস্থানে, তাদের প্রোগ্রামে অংশগ্রহণের, এবং কমপক্ষে একটি টয়লেট ব্যবহারের সুবিধা দেয়, কিন্তু পুরো বিল্ডিংটি হয়তো অভিগম্য নাও হতে পারে।

আপনার সন্তানের যদি অভিগম্য স্কুল প্রয়োজন হয়, তাহলে আপনার সন্তানের অভিগম্যতার চাহিদা পূরণ হয় যেসব স্কুলে, সেগুলোতে আবেদন করার বিষয়টি নিশ্চিত করুন। কিন্ডারগার্টেনে ভর্তির আবেদনপত্রে তালিকাভুক্ত আপনার আগ্রহের যেকোনো স্কুল সশরীরে পরিদর্শন করা একটি ভালো আইডিয়া। আপনার সন্তানের যদি অভিগম্যতার চাহিদা আছে বলে নির্ধারিত হয়, তবে সে যেন কিন্ডারগার্টেনের জন্য অভিগম্য স্কুল পায় তা নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ নিশ্চিত করবে।

ভর্তি সংক্রান্ত বিভিন্ন তথ্য-উপকরণ ও যোগাযোগ

এখানে আমাদের ওয়েবসাইট: schools.nyc.gov/kindergarten দেখুন।

আপনার কোনো প্রশ্ন থাকলে ESenrollment@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন অথবা 718- 935- 2009 নম্বরে ফোন করুন।

চার্টার স্কুলে ভর্তির আবেদন করা

চার্টার স্কুলগুলো বিনা খরচের স্বনির্ভর পাবলিক স্কুল, যা নিউ ইয়র্ক সিটির সকল ছেলেমেয়ের জন্য উন্মুক্ত। চার্টার স্কুলগুলোতে ভর্তি এবং আবেদনের ক্ষেত্রে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলো থেকে ভিন্ন প্রক্রিয়া রয়েছে। অধিকাংশ চার্টার স্কুলে আবেদনের শেষ তারিখ স্প্রিং-এর (বসন্তের) প্রথমভাগে হয়ে থাকে।

প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীরা চার্টার স্কুলে আবেদন করতে পারে। কোনও শিক্ষার্থীকে প্রতিবন্ধিতাজনিত কারণে কোনও চার্টার স্কুল তার আবেদন প্রত্যাখ্যান করতে পারবে না। যেহেতু চার্টার স্কুলে ভর্তি হতে পারায় কোনো গ্যারান্টি নেই, এবং যেহেতু চার্টার স্কুলগুলো নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর থেকে ভিন্ন সময়সূচি অনুযায়ী ভর্তির আয়োজন করে, তাই আপনার উচিত নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর কিন্ডারগার্টেনেও আবেদনপত্র জমা দেয়া। যদি কোনও চার্টার স্কুল এমন পরিষেবা প্রদান করে যা আপনার সন্তানের চাহিদা পূরণ করে, কিন্তু আপনার সন্তানের IEP-এর সাথে মানানসই নয়, সেক্ষেত্রে স্কুলটি একটি নতুন IEP মিটিং অনুষ্ঠানের জন্য স্থানীয় কমিটি অন স্পেশাল এডুকেশনকে (CSE) অনুরোধ করবে, এবং আপনাকে আমন্ত্রণ জানাবে।


চার্টার স্কুলগুলি সম্পর্কে আরও তথ্যের জন্য,

schools.nyc.gov/enrollment/enroll-in-charter-schools/learn-about-charter-schools দেখুন।

কিন্ডারগার্টেনে IEP প্রক্রিয়া

কিন্ডারগার্টেনে আপনার সন্তানের স্পেশাল এডুকেশন পরিষেবার চাহিদার বিষয়টি বিবেচনা করতে NYC পাবলিক স্কুলস্ আপনার সাথে কাজ করবে। এটাকে বলা হয় “KIP,” কিন্ডারগার্টেনে IEP প্রক্রিয়া, এবং এতে আপনার সংশ্লিষ্ট হওয়া গুরুত্বপূর্ণ। কিন্ডারগার্টেন IEP প্রক্রিয়ার সময়, NYC পাবলিক স্কুলস্ আপনার সন্তানের কেসটি একটি পাবলিক স্কুল অথবা ডিস্ট্রিক্ট কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) অফিসের একটি টিমের কাছে প্রদান করবে। এই টিম আপনার সন্তানের ফাইল পর্যালোচনা করবে এবং নতুন মূল্যায়নের প্রয়োজন আছে কিনা তা নির্ধারণ করবে। কোনো মূল্যায়ন সমাপ্ত হবার পর, আপনার সন্তানের IEP টিমের সদস্য হিসেবে আপনাকে কিন্ডারগার্টেন IEP মিটিংয়ে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে।

IEP টিম মিটিংয়ে, আপনার সন্তানের কিন্ডারগার্টেনে স্পেশাল এডুকেশন পরিষেবাগুলো পাবার যোগ্য কিনা তা IEP টিম নির্ধারণ করবে। যদি হ্যাঁ হয়, IEP টিম আপনার সন্তানের IEP তৈরি করবে। IEP-তে আপনার সন্তান কিন্ডারগার্টেনে যে স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং/অথবা সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) লাভ করবে, সেটার বিবরণ থাকবে।



IEP প্রক্রিয়া শুরু করা

IEP প্রক্রিয়া শুরু করতে আপনার সন্তানের NYC পাবলিক স্কুলস্-এর কিন্ডারগার্টেন IEP টিম আপনার সাথে যোগাযোগ করবে। আপনার সন্তানের প্রিন্সিপাল IEP প্রস্তুতকারী IEP টিমের সাথে কিন্ডারগার্টেন IEP টিমের সাদৃশ্য আছে কিন্তু একই রকম নয়। যদি আপনার সন্তান প্রিন্সিপাল গত বছরের শুরু থেকে স্পেশাল এডুকেশন পরিষেবা গ্রহণ করে থাকে, তবে আপনি হেমস্টে (ফল) একটি ওয়েলকাম প্যাকেট পাবেন এবং শীতে (জানুয়ারি-মার্চ) নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর IEP টিম আপনার সাথে যোগাযোগ করবে। আপনার সন্তান যদি তার প্রিন্সিপালের শেষ বছরে প্রিন্সিপাল স্পেশাল এডুকেশন মূল্যায়ন প্রক্রিয়া শুরু করে থাকে এবং তার শেষ প্রিন্সিপাল বছরে মার্চ মাসের মধ্যে কোনো প্রিন্সিপাল IEP না পেয়ে থাকে, তবে ঐ প্রক্রিয়াটি সম্পন্ন হবার পর আপনার সাথে যোগাযোগ করা হবে, সাধারণত কিন্ডারগার্টেনের আগে বসন্তে (স্প্রিং) অথবা গ্রীষ্মে (সামার) (এপ্রিল-অগাস্ট)।

আপনার কিন্ডারগার্টেনের IEP টিম যখন যোগাযোগ করবে, তখন তারা নিজেদের পরিচয় দেবে এবং আপনাকে IEP প্রক্রিয়াটি ব্যাখ্যা করবেন। IEP প্রক্রিয়া চলাকালে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ বাধ্যতামূলকভাবে লিখিতভাবে নথিপত্র প্রদান করবে। এই প্রক্রিয়া জুড়ে, আপনি কয়েকটি ভিন্ন ভিন্ন নথি বা ডকুমেন্ট পাবেন, যেগুলোকে 'পূর্ব লিখিত নোটিস' (প্রায়োর রিটেন নোটিস, PWN) বলা হয়। শুরু করার জন্য, আপনার IEP টিম, “সুপারিশের বিজ্ঞপ্তি” (নোটিশ অভ রেকমেন্ডেশন) শিরোনামের একটি PWN শেয়ার করবেন। এই PWN NYC পাবলিক স্কুলস্ একটি পুনর্মূল্যায়ন পরিচালনার প্রস্তাব করছে তা ব্যাখ্যা করে। একটি পুনর্মূল্যায়ন আপনার সন্তান অব্যাহতভাবে স্পেশাল এডুকেশন পরিষেবা পাবার যোগ্য কিনা তা নির্ধারণ করবে, যদি হ্যাঁ হয়, তবে পরবর্তী বছর কিন্ডারগার্টেনে কোন্ কোন্ পরিষেবা তাদের চাহিদা পূরণ করবে তাও নির্ধারণ করবে। এছাড়াও, PWN আপনার NYC পাবলিক স্কুলস্-এর কিন্ডারগার্টেন IEP টিম-এর যোগাযোগের তথ্য অন্তর্ভুক্ত করবে; এটা একজন স্টাফ সদস্যের নাম ও ফোন নম্বর শেয়ার করবে। অবশেষে, আপনার সন্তানের মূল্যায়ন পরিচালনায় PWN-টি আপনার সম্মতির অনুরোধ সহ আসতে পারে।

আপনার সন্তানের NYC পাবলিক স্কুলস্-এর IEP টিম, হয় কোনো নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল, নাহয় আপনার বরোর কোনো কমিটি অন স্পেশাল এডুকেশন-এর (CSE) সাথে কাজ করতে পারে। আপনার সন্তানের IEP টিম-এর স্থান, আপনার সন্তান আগামী বছর যে স্কুলে যাবে সেখানে অবস্থিত নাও হতে পারে। এটা শুধু হচ্ছে এমন একটি দল, যারা আপনার সাথে কিন্ডারগার্টেন স্পেশাল এডুকেশন প্রক্রিয়াটি নিয়ে কাজ করবে। আপনি এবং আপনার সন্তানের প্রিন্সিপাল স্পেশাল এডুকেশন শিক্ষক ও সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদানকারীরাও IEP টিম-এর অংশ।

আপনার সন্তানের যদি একটি প্রিঙ্কুল IEP থেকে থাকে, এবং কোনো নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর কিন্ডারগার্টেন IEP টিম মার্চ মাসের মধ্যে যোগাযোগ না করে, তবে আপনি KindergartenIEPProcess@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করতে পারেন।

আপনার সন্তান যদি প্রিঙ্কুল স্পেশাল এডুকেশন পরিষেবার জন্য যোগ্য নির্ণীত হয়ে থাকে কিন্তু আপনি সম্মতি দেননি অথবা আপনি আপনার সম্মতি প্রত্যাহার করে থাকেন (ফিরিয়ে নেন); তারপরও, কিন্ডারগার্টেন IEP প্রক্রিয়া শুরু করার জন্য শীতে (জানুয়ারি – মার্চ) আপনার সাথে যোগাযোগ করা হবে। যদিও উপরোক্ত বাকি সবকিছু একই, আপনি "নোটিস অভ রেফারেল" শিরোনামে একটি সামান্য ভিন্ন PWN পাবেন। এই চিঠি ব্যাখ্যা করে যে আপনার সন্তান কিন্ডারগার্টেনে প্রবেশের পর আপনার সন্তানের স্পেশাল এডুকেশন পরিষেবার যোগ্যতা নির্ধারণের জন্য নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ একটি প্রাথমিক মূল্যায়ন পরিচালনার (আপনার সম্মতিক্রমে) প্রস্তাব করছে।

নতুন মূল্যায়নসমূহ (যদি প্রয়োজন হয়)

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ আপনার সন্তানের ফাইল পর্যালোচনা করবে, এতে রয়েছে তার প্রিঙ্কুল শিক্ষক এবং সম্পর্কিত পরিষেবা প্রদানকারীদের কাছ থেকে মূল্যায়ন ও অগ্রগতির রিপোর্ট। এটা মূল্যায়নের প্রয়োজন হলে নতুন কী মূল্যায়ন করা হবে, সেটা নির্ধারণে সহায়তা করবে। নতুন মূল্যায়নের প্রয়োজন আছে কিনা সেটা অবহিত করে ডাকযোগে অথবা ইমেইলে আপনি চিঠি পাবেন। যদি নতুন মূল্যায়ন প্রয়োজন হয়, তাহলে আপনার সম্মতি চেয়ে আপনি আরেকটি চিঠি অথবা ইমেইল পাবেন। আপনি সম্মতি দিলে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ আপনার সন্তানের নতুন মূল্যায়ন পরিচালনা করতে পারে, এতে আপনার সন্তানের প্রিঙ্কুল ক্লাসরুমে তাকে পর্যবেক্ষণ করা অন্তর্ভুক্ত হতে পারে।

এছাড়াও, IEP টিমের কাছে চিঠির মাধ্যমে লিখিতভাবে অথবা ইমেইলের মাধ্যমে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ দ্বারা নির্দিষ্ট কোনো মূল্যায়ন পরিচালনার অনুরোধ জানানোর অধিকার আপনার আছে এবং নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ আপনার এই অনুরোধ পর্যালোচনা করবে। নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর বাহির থেকে প্রাপ্ত অথবা আপনার IEP টিম প্রদত্ত অন্য ডকুমেন্টের যেকোনো মূল্যায়নের রিপোর্ট আপনি দিতে পারেন - যদি আপনি চান IEP টিম সেগুলো বিবেচনার জন্য মূল্যায়নে যোগ করুক। আপনার কাছে যদি অন্য কোনো বাড়তি মূল্যায়নের রিপোর্ট অথবা ডকুমেন্ট থাকে, তবে আপনার সন্তানের টিমের এসব তথ্য পর্যালোচনা এবং বিবেচনার জন্য পর্যাপ্ত সময় আছে তা নিশ্চিত করতে, অনুগ্রহ করে IEP মিটিংয়ের আগে আপনার IEP টিমকে সেগুলো দিন।

যদি নতুন মূল্যায়ন পরিচালিত হয়, তবে আপনি IEP মিটিংয়ের আগে রিপোর্টগুলোর কপি পাবেন।

IEP মিটিংয়ের আগে মেডিক্যাল ফর্মগুলো জমা দিন (যদি প্রযোজ্য হয়)

স্কুল চলাকালে অথবা স্পেশালাইজড পরিবহনে বিশেষ ব্যবস্থায় থাকার সময় আপনার সন্তানের যদি স্বাস্থ্যগত/চলাচলে সুবিধার জন্য ওষুধ-পত্র অথবা চিকিৎসা আবশ্যিক হয়, আপনাকে IEP টিমের কাছে আপনার সন্তানের ডাক্তার কর্তৃক পূরণকৃত একটি মেডিক্যাল অ্যাকোমোডেশন রিকোয়েস্ট ফর্ম (MARF), মেডিক্যাল অ্যাডমিনিস্ট্রেশন ফর্ম, এবং/অথবা চিকিৎসার অর্ডার ফর্মসমূহ দিতে হবে। আপনার IEP টিম আপনাকে এই প্যাকেট দিতে পারেন অথবা আপনি এটি [অনলাইনে](https://schools.nyc.gov/school-life/health-and-wellness/health-services) নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর ওয়েবসাইট: schools.nyc.gov/school-life/health-and-wellness/health-services থেকে সংগ্রহ করতে পারেন।

অনুগ্রহ করে আপনার ডাক্তার দ্বারা পূরণকৃত ফর্মগুলো যত শীঘ্রই সম্ভব আপনার IEP টিমের কাছে জমা দিন। অসম্পূর্ণ ফর্ম জমা দিলে প্রক্রিয়াকরণে দেরি হবে এবং এর ফলে পরিষেবা শুরু হতেও দেরি হতে পারে। আপনার নিজের রেকর্ডের জন্য অনুগ্রহ করে সেগুলির কপি সংরক্ষণ করুন। স্কুল দিবসে আপনার সন্তান যদি স্বাস্থ্য চিকিৎসা অথবা নার্সিং পরিষেবা লাভ করে, তবে আপনাকে নতুন শিক্ষা বছর শুরুর আগে হালনাগাদকৃত মেডিক্যাল ফর্মগুলোও জমা দিতে হবে।



কার্ব-টু-স্কুল (বিশেষায়িত) পরিবহন সংক্রান্ত দ্রষ্টব্য

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ সেসব শিক্ষার্থীদের (স্পেশালাইজড) কার্ব-টু-স্কুল পরিবহন সুবিধা দেয়, যাদের ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEPs) শিক্ষার্থীর প্রতিবন্ধিতার জন্য নিরাপদে পাবলিক ট্রান্সপোর্টেশন ব্যবহার করতে অক্ষমতার কারণে এই পরিষেবা সুপারিশ করে।

কার্ব-টু-স্কুল পরিবহন ব্যবস্থা হলো যখন কোনও বাস শিক্ষার্থীকে তার বাড়ির সবচেয়ে নিকটস্থ রাস্তার পাশ থেকে স্কুলে নিয়ে যায় এবং আবার সেখানেই ফিরিয়ে দিয়ে যায়। শুধুমাত্র যেসব IEP-যুক্ত শিক্ষার্থীর **ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রামে** কার্ব-টু-স্কুল বাস পরিষেবা সুপারিশ করা হয়, তারা কার্ব-টু-স্কুল পরিবহন ব্যবস্থা পাওয়ার যোগ্য। কার্ব-টু-স্কুল বাসে একজন বাস চালক এবং শিক্ষার্থীদের তত্ত্বাবধানকারী কর্মী বা অ্যাটেন্ডেন্ট নিযুক্ত থাকেন।

কিছু কিছু শিক্ষার্থীর জন্য, যারা কার্ব-টু-স্কুল বাস পরিষেবা লাভ করছে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ তাদের চিকিৎসাগত চাহিদা অথবা চলাচল-ক্ষমতার সীমাবদ্ধতার কারণে আবশ্যিক বাড়তি বিশেষ সুবিধা ব্যবস্থা প্রদান করবে। এগুলোতে অন্তর্ভুক্ত হতে পারে 1:1 নার্সিং অথবা স্বাস্থ্য সেবাদানকারী প্যারাপ্রফেশন্যাল, অ্যাডাপ্টিভ বা অভিযোজিত গাড়ির আসন, এবং/অথবা সীমিত সময়ের জন্য ভ্রমণ। আপনার সন্তানের যদি এই ধরনের কোনো পরিষেবা অথবা বিশেষ সুবিধা ব্যবস্থার প্রয়োজন হয়, তবে আপনাকে আপনার IEP টিমের কাছে IEP মিটিংয়ের যথাসম্ভব আগে একটি HIPAA অথরাইজেশন এবং আপনার সন্তানের ডাক্তার দ্বারা পূরণকৃত মেডিক্যাল অ্যাকমোডেশন রিকোয়েস্ট ফর্ম (MARF) প্রদান করতে হবে।

যদি আপনার সন্তানের জন্য কার্ব-টু-স্কুল বাস পরিষেবা সুপারিশ না করা হয়ে থাকে, তবে আপনার বাছাই করা স্কুলের সাথে কোথায় বসবাস করছেন সেই প্রাসঙ্গিকতায় এবং স্কুলটি স্টপ-টু-স্কুল বাস পরিষেবা অফার করে কিনা সেটার ভিত্তিতে, একটি স্টপ-টু-স্কুল রুট-এ তার জন্য একটি স্কুল বাস স্টপ নির্ধারণ করা হতে পারে। স্কুলের পরিবহনের অপশনগুলো সম্পর্কে আরও জানতে স্কুলের ট্রান্সপোর্টেশন কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।

কিন্ডারগার্টেন IEP মিটিং

আপনার সন্তানের **ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম** মিটিংয়ের কমপক্ষে পাঁচ দিন আগে মিটিংয়ের তারিখ, সময়, এবং স্থানের তথ্যসহ আপনি একটি চিঠি পাবেন।

আপনার সন্তানের IEP মিটিং সম্ভবত শীতের শেষ ভাগে আপনার সন্তানের জোনভুক্ত এলিমেন্টারি স্কুলে অনুষ্ঠিত হবে (যেহেতু অনেক KIP কেস তাদের জোনভুক্ত স্কুলে ধার্য করা হয়)। অনুগ্রহ করে মনে রাখবেন যে নির্দিষ্ট কোনো স্কুলে IEP মিটিং অনুষ্ঠিত হবার অর্থ এই নয় যে আপনার সন্তান ঐ স্কুলে পড়াশোনা করবে।

পিতামাতা অথবা অভিভাবক হিসেবে, আপনি IEP টিমের একজন অত্যন্ত গুরুত্বপূর্ণ সদস্য। IEP টিম-এর অন্য সদস্যগণ সশরীরে উপস্থিত থেকে, ভার্চুয়ালভাবে, অথবা ফোনের মাধ্যমে অংশগ্রহণ করতে পারেন এবং এতে অন্তর্ভুক্ত হতে পারেন:

- আপনার সন্তানের বর্তমান শিক্ষকগণ এবং সংশ্লিষ্ট পরিষেবা প্রদানকারীকে(দের) অংশগ্রহণ করতে জোরালোভাবে উৎসাহিত করা হয়
- আপনার সন্তান কিন্ডারগার্টেনে যে স্কুল থেকে অফার পেয়েছে সেখান থেকে একজন প্রতিনিধি
- একজন স্কুল সাইকোলজিস্ট
- আপনার সন্তান সম্পর্কে জানেন এমন অন্য ব্যক্তিবর্গ বা অন্য কোনো বিশেষজ্ঞ

আপনি যদি ইংরেজি ভিন্ন অন্য কোনো ভাষায় কথা বলেন, মিটিংয়ের আগে আপনার IEP টিমকে জানিয়ে দিন যে, আপনার একজন দোভাষীর প্রয়োজন এবং নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ সেই অনুযায়ী ব্যবস্থা নেবে।

একজন “পিতামাতা তথা প্যারেন্ট সদস্য” হলো IEP ছিল, এমন অন্য শিক্ষার্থীর পিতামাতা। আপনার সন্তানের IEP মিটিংয়ে যোগদানের জন্য আপনি একজন পিতামাতা সদস্যকে অনুরোধ জানাতে পারেন। আপনি মিটিংয়ে একজন স্কুল চিকিৎসকেও যোগদানের জন্য অনুরোধ জানাতে পারেন। আপনি যদি চান IEP মিটিংয়ে কোনো পিতামাতা সদস্য অথবা চিকিৎসক যোগ দিক, আপনাকে অবশ্যই মিটিংয়ের কমপক্ষে 72 ঘণ্টা আগে আপনার IEP টিমের কাছে লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

কিন্ডারগার্টেনে স্পেশাল এডুকেশন পরিষেবার যোগ্যতা

কিন্ডারগার্টেন IEP মিটিংয়ে, IEP টিম যা করবে:

- আপনার সন্তানের কিন্ডারগার্টেনে স্পেশাল এডুকেশন পাবার চাহিদা (“যোগ্যতা”) আছে কিনা তা নির্ধারণ করে, এবং যদি থাকে,
- কিন্ডারগার্টেনের জন্য একটি IEP অথবা ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন সার্ভিসেস প্ল্যান (IESP) তৈরি করে।

আপনার সন্তান যদি যোগ্য না হয়, তাহলে আপনার সন্তান যোগ্য নয়, অথবা তাকে যে “বর্গচ্যুত (ডিক্লাসিফায়েড)” করা হয়েছে, সেটা জানাতে IEP টিম কাগজপত্র তৈরি করবে।

প্রিন্সিপলে, IEP-যুক্ত প্রত্যেক শিক্ষার্থীকে তার IEP-তে একজন “প্রতিবন্ধিতাযুক্ত প্রিন্সিপাল শিক্ষার্থী” হিসেবে চিহ্নিত (“ক্লাসিফায়েড/বর্গীকরণ”) করা হয়। কিন্ডারগার্টেন এবং এরচেয়ে উপরের গ্রেডের জন্য, আপনার সন্তানকে 13-টি প্রতিবন্ধিতার শ্রেণীর একটির মাপকাঠি অবশ্যই পূরণ করতে হবে যা **সংযুক্তি A**-তে বর্ণিত আছে। আপনার সন্তানের IEP অথবা IESP-তে এই শ্রেণীটি লিপিবদ্ধ থাকবে।

বর্গচ্যুত (ডিক্লাসিফায়েড)/অনুপযুক্ত

যদি আপনার সন্তানের প্রিন্সিপাল IEP থাকে কিন্তু IEP টিম নির্ধারণ করে যে আপনার সন্তান কিন্ডারগার্টেনে স্পেশাল এডুকেশন পরিষেবা লাভের উপযুক্ত নয়, তবে আপনার সন্তানকে “বর্গচ্যুত (ডিক্লাসিফায়েড)” করা হবে। আপনার সন্তান যদি বর্গচ্যুত (ডিক্লাসিফায়েড) হয়, তবে আপনার সন্তান কিন্ডারগার্টেনে একটি জেনারেল এডুকেশন ক্লাসে যোগ দেবে। এক্ষেত্রে, IEP টিম আপনার সন্তানের প্রথম বছরে স্পেশাল এডুকেশন ব্যতীত সহায়তামূলক পরিষেবার সুপারিশ করতে পারে। এইসব “বর্গচ্যুত (ডিক্লাসিফায়েড) সহায়তা পরিষেবার” অন্তর্ভুক্ত হতে পারে:

- শিক্ষা-নির্দেশনামূলক সহায়তা
- বিশেষ সুবিধা ব্যবস্থা
- অথবা সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস), যেমন স্পিচ থেরাপি বা কাউন্সেলিং

আপনার সন্তানকে যদি প্রথম বারের মতো স্পেশাল এডুকেশন পরিষেবার জন্য মূল্যায়ন করা হয় এবং IEP টিম দেখে যে, সে 13-টি প্রতিবন্ধিতা শ্রেণীর কোনোটির শর্তই পূরণ করে না, তবে আপনার সন্তান স্পেশাল এডুকেশন পরিষেবার জন্য “যোগ্য নয়” হিসেবে নির্ধারিত হবে। এক্ষেত্রে, আপনার সন্তান কিন্ডারগার্টেনে একটি জেনারেল এডুকেশন ক্লাসে যোগ দেবে।

যদি আপনার সন্তান 13-টি শিক্ষাগত প্রতিবন্ধিতা শ্রেণীবিভাগের কোনোটির মানদণ্ড পূরণ করে না, কিন্তু তার কোনো নির্দিষ্ট স্বাস্থ্য বা আচরণগত চাহিদা থাকে যার জন্য স্কুলের বিভিন্ন কর্মকাণ্ডের প্রোগ্রামগুলোতে পূর্ণভাবে অংশগ্রহণের জন্য বিশেষ সুবিধা ব্যবস্থার আবশ্যিকতা আছে, তাহলে সে সেকশন 504 বিশেষ সুবিধার যোগ্য হতে পারে। 504 পরিকল্পনাসমূহ এবং বিশেষ সুবিধা বিষয়ক আরও তথ্যের জন্য, NYC পাবলিক স্কুলস্-এর ওয়েবসাইট schools.nyc.gov/school-life/health-and-wellness/504-accommodations দেখুন অথবা কিন্ডারগার্টেনের বছরের শুরুতে স্কুলের 504 কোঅর্ডিনেটর অথবা গাইডেন্স কাউন্সেলরের সাথে কথা বলুন।



কিন্ডারগার্টেন ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)

কিন্ডারগার্টেনে আপনার সন্তানের যদি স্পেশাল এডুকেশন পরিষেবার চাহিদা থাকে, তবে একটি IEP তৈরি করা হবে। IEP-তে আপনার সন্তানের সক্ষমতা, আগ্রহ, এবং সুনির্দিষ্ট চাহিদাসমূহ সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত থাকবে। আপনার সন্তান কিন্ডারগার্টেনে কী কী দক্ষতা অর্জনে কাজ করবে তার বর্ণনাসহ IEP টিম বিভিন্ন লক্ষ্য নির্ধারণ করবে। IEP টিম এরপর নির্ধারণ করবে সেই লক্ষ্যগুলো অর্জনে আপনার সন্তানের কী ধরনের সহায়তা, পরিষেবা, এবং স্কুলের বিন্যাস আবশ্যিক হবে। IEP মিটিংয়ে শেষে, IEP-এর একটি কপি আপনাকে দেয়া হবে অথবা দুই সপ্তাহের মধ্যে ডাকযোগে আপনার কাছে পাঠানো হবে।

কিন্ডারগার্টেন ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন সার্ভিসেস প্ল্যান (IESP)

আপনার সন্তান যদি নিউ ইয়র্ক সিটির কোনো প্রাইভেট অথবা ধর্মীয় স্কুলে পড়ে, সেক্ষেত্রে নিউ ইয়র্ক পাবলিক স্কুলস্ প্রদত্ত স্পেশাল এডুকেশন পরিষেবা এবং/অথবা সংশ্লিষ্ট পরিষেবার (রিলেটেড সার্ভিস) যোগ্য হতে পারে। আপনি যদি সিদ্ধান্ত নিয়ে থাকেন যে আপনার সন্তানকে প্রাইভেট অথবা ধর্মীয় স্কুলে পাঠাবেন, তবে আপনাকে আপনার IEP টিমকে জানাতে হবে যে, আপনি কোনও পাবলিক স্কুলে স্পেশাল এডুকেশন পরিষেবা গ্রহণ করতে চাচ্ছেন না। আপনার সন্তান যদি স্পেশাল এডুকেশন পরিষেবার যোগ্য হয়, তবে IEP টিম একটি ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন সার্ভিস প্ল্যান (IESP) তৈরি করবে। আপনার সন্তান প্রাইভেট অথবা ধর্মীয় স্কুলে পড়াশোনার সময়, তাকে যে স্পেশাল এডুকেশন পরিষেবা এবং/অথবা সম্পর্কিত পরিষেবা প্রদান করা হবে, সেটি তার IESP-তে বর্ণিত থাকবে। আপনার সন্তান যে প্রাইভেট অথবা ধর্মীয় স্কুলে পড়বে, আপনাকে সে স্কুলের নাম ও ঠিকানা আপনার IEP টিমকে প্রদান করতে হবে। আপনি যদি নিশ্চিতভাবে না জানেন আপনার সন্তান কোন স্কুলে যাবে, সেক্ষেত্রে IEP টিমের উচিত হবে IEP প্রণয়ন করা।

আপনি যদি আপনার সন্তানকে নিউ ইয়র্ক সিটির বাহিরের কোনও পাবলিক স্কুলে ভর্তি করবেন বলে সিদ্ধান্ত নেন, তাহলে আপনার IEP টিমকে সেটা জানাতে হবে। তিনি আপনাকে স্কুলটি যে স্কুল ডিস্ট্রিক্টে অবস্থিত সেখানে যোগাযোগ করার তথ্য দেবেন এবং সেই ডিস্ট্রিক্ট একটি পরিকল্পনা তৈরি করার জন্য আপনার সঙ্গে কাজ করার পাশাপাশি যেকোনো স্পেশাল এডুকেশন পরিষেবা প্রদান করবে।

আপনার জন্য IESP প্রণয়নের পর যদি কখনও আপনার পরিকল্পনা পরিবর্তিত হয় এবং আপনি সন্তানের জন্য IEP ও পাবলিক স্কুলে আসন অনুরোধ করতে চান, তাহলে আপনাকে আপনার IEP টিমের সাথে যোগাযোগ করে একটি নতুন IEP মিটিংয়ের জন্য অনুরোধ জানাতে হবে।

স্কুল লোকেশন লেটার (স্কুলের অবস্থানের চিঠি) প্রাপ্তি

আপনি ডাকযোগেও একটি সবুজ রঙের “স্কুল লোকেশন লেটার” (স্কুলের অবস্থানের চিঠি) পাবেন। এটি আপনি স্প্রিং-এর (বসন্তের) শেষ দিক থেকে সামারের (গ্রীষ্মের) শেষ দিকে সেটা পাবার প্রত্যাশা করতে পারেন। এই নোটিসের মধ্যে থাকবে আপনার সন্তানের IEP এবং স্কুল সম্পর্কিত তথ্য যা সুপারিশকৃত স্পেশাল এডুকেশন পরিষেবা প্রদান করে – এটিকে বলা হয় “আসন প্রদান” (প্লেসমেন্ট)। আপনি শুধু তখনই একটি সবুজ স্কুলের অবস্থান সংক্রান্ত চিঠি (লোকেশন লেটার) পাবেন যদি আপনার সন্তানকে নন-স্পেশালাইজড ডিস্ট্রিক্ট 1-32 অথবা স্পেশালাইজড ডিস্ট্রিক্ট 75 স্কুলের জন্য সুপারিশ করা হয়।

অধিকাংশ শিক্ষার্থী ডিস্ট্রিক্ট 1-32-এর কোনো স্কুলে আসনের সুপারিশ পেয়ে থাকে (15 নং পৃষ্ঠা দেখুন)। আপনি কীভাবে আবেদন করেছেন তার উপর নির্ভর করে নিচে বর্ণিত তিনটি ভিন্ন পরিস্থিতিতে আপনার সন্তানের আসন প্রাপ্তি একটি ডিস্ট্রিক্ট 1- 32 স্কুলে হতে পারে:

- আপনি যদি কিন্ডারগার্টেনে আবেদন করেন, তবে আপনার সন্তানের পরিষেবা সে যেখানে ভর্তির অফার পেয়েছে এবং রেজিস্টার করেছে, সেখানে পাবে।
- আপনি যদি কিন্ডারগার্টেনে আবেদন না করেন, তবে আপনার সন্তানকে আপনি যে ডিস্ট্রিক্টের বসবাস করছেন সেখানকার একটি স্কুলে আসন দেয়া হবে, এবং আপনার সন্তানের পরিষেবা সেখানেই প্রদান করা হবে।
- আপনার সন্তান যদি “স্পেশালাইজড প্রোগ্রামে” গৃহীত হয় (যেমন ASD হরাইজন, নেস্ট, অথবা ACES), আপনার সন্তান এমন একটি স্কুলে আসন পাবে যে স্কুলটি ঐ প্রোগ্রামটি অফার করে (16 নং পৃষ্ঠা দেখুন)।

আপনার সন্তানের IEP যদি স্পেশালাইজড (ডিস্ট্রিক্ট 75) স্কুল সুপারিশ করে, তাকে যথাযথ ডিস্ট্রিক্ট 75 স্কুলে একটি আসন প্রদান করা হবে (19 নং পৃষ্ঠা দেখুন)।

আপনার সন্তানের IEP যদি সেট-অনুমোদিত, সেটের সহায়তাপ্রাপ্ত, অথবা সেট-পরিচালিত নন-পাবলিক স্কুল সুপারিশ করে, তবে আপনার সন্তান যে স্কুলে গৃহীত হয়েছে সেখানে সুপারিশকৃত পরিষেবা প্রদান করা হবে।

আপনার সন্তানের জন্য যদি কোনও অভিগম্য স্কুল আবশ্যিক হয়, তবে আপনার সন্তানকে সে ধরনের একটি স্কুলে আসন দেয়া হবে।

পরিবারের সাথে মিটিং

সবুজ 'স্কুল লোকেশন লেটার' (স্কুলের অবস্থান সংক্রান্ত চিঠি) পাওয়ার পর, আপনার সন্তানের নতুন স্কুলের কর্মীগণ আপনাকে “ফ্যামিলি মিটিং-এ” (পরিবারের সাথে সভায়) আমন্ত্রণ জানাতে পারেন, যদি এই স্কুলে আপনার সন্তান কিন্ডারগার্টেন IEP মিটিংয়ে অংশ না নিয়ে থাকে। এই মিটিং আপনাকে স্কুল পরিদর্শন করার, স্কুল-কর্মীদের সাথে পুনরায় আপনার সন্তানের IEP পর্যালোচনা করার, সন্তান সম্পর্কে তথ্য বিনিময় করার, এবং IEP-তে সুপারিশকৃত পরিষেবাগুলো সম্পর্কে আপনার কোনও প্রশ্ন থাকলে তা করার একটি সুযোগ দেবে। ফ্যামিলি মিটিংটি হবে একটি অনানুষ্ঠানিক আলোচনা। আপনি ফোনে এতে অংশগ্রহণে আগ্রহী হলে কিংবা আদৌ অংশগ্রহণ করতে না চাইলে, অনুগ্রহ করে স্কুলে জানিয়ে দিন। আপনি যদি স্কুল পরিদর্শন অথবা একটি পারিবারিক মিটিং করতে চান, তবে আপনি স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর অথবা প্রিন্সিপালের সাথে যোগাযোগ করতে পারেন।



KIP সংক্রান্ত তথ্য-সংস্থান এবং যোগাযোগ

কোনো প্রশ্ন ও উদ্বেগ থাকলে আপনার IEP টিমের সাথে যোগাযোগ করুন। আপনার IEP টিম আপনাকে কিন্ডারগার্টেন IEP প্রক্রিয়ায় সহায়তা করবে। কিন্ডারগার্টেন IEP প্রক্রিয়ার শুরুতে আপনাকে পাঠানো নোটিস অভ রেকমেন্ডেশন (অথবা নোটিস অভ রেফারেল)-এ আপনার IEP টিম-এর যোগাযোগের তথ্য পাবেন। এছাড়াও আপনি “কীভাবে সহায়তা পেতে হয়” দেখতে পারেন (26 নং পৃষ্ঠা দেখুন)।

এছাড়াও আপনি আমাদের ওয়েবসাইট - schools.nyc.gov/Kindergartenspecialeducation দেখতে পারেন।

KIP প্রক্রিয়া সম্পর্কে আপনার অন্য কোনো প্রশ্ন থাকলে, KindergartenIEPProcess@schools.nyc.gov ঠিকানায় ইমেইল অথবা 718-935-2007 নম্বরে ফোন করুন।

ডিস্ট্রিক্ট 1– 32-এর স্কুলগুলোতে স্পেশাল এডুকেশন পরিষেবাসমূহ

IEP না থাকলে যেখানে যেতো, IEP-যুক্ত অধিকাংশ শিক্ষার্থী সেই একই স্কুলে অংশগ্রহণ করে। শিক্ষার্থীরা নিম্নোক্ত শিক্ষাগত প্রোগ্রামসমূহ ডিস্ট্রিক্ট 1– 32-এর স্কুলে পেতে পারে।

সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) সহ জেনারেল এডুকেশন

আপনার সন্তান তাদের অপ্রতিবন্ধী সতীর্থদের সাথে একই ক্লাসরুমে শিক্ষা অর্জন করবে এবং ক্লাসরুমে অথবা ভিন্ন কোনও স্থানে সংশ্লিষ্ট পরিষেবা (যেমন স্পিচ-ল্যাঙ্গুয়েজ থেরাপি অথবা কাউন্সেলিং) গ্রহণ করবে।

সর্বাধিক পরিচিত সংশ্লিষ্ট পরিষেবাসমূহের বিবরণের জন্য 20 নং পৃষ্ঠা দেখুন

বিশেষ শিক্ষার শিক্ষক দ্বারা সহায়তা পরিষেবা সহ (স্পেশাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিস, SETSS) সাধারণ শিক্ষা বা জেনারেল এডুকেশন

অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সাথে আপনার সন্তান একই ক্লাসে শিক্ষা অর্জন করবে এবং সে একজন স্পেশাল এডুকেশন শিক্ষকের কাছ থেকে সহায়তা পাবে। আপনার সন্তানের IEP-তে প্রত্যক্ষ SETSS অথবা প্রত্যক্ষ ও পরোক্ষ SETSS-টির একটি সংমিশ্রণ সুপারিশ করা হতে পারে।

- **প্রত্যক্ষ SETSS:** স্পেশাল এডুকেশনের একজন শিক্ষক সর্বোচ্চ আট জন শিক্ষার্থীর একটি গ্রুপকে স্কুল দিনের কোনো অংশে বিশেষভাবে ডিজাইনকৃত পার্ট-টাইম শিক্ষা-নির্দেশনা প্রদান করে। এটি জেনারেল এডুকেশন ক্লাসরুমে অথবা স্কুলের ভিতর অন্য কোনও স্থানেও হতে পারে।
- **পরোক্ষ SETSS:** শেখার পরিবেশ এবং শিক্ষার্থীদের চাহিদা পূরণে শিক্ষা-নির্দেশনায় পরিবর্তন এনে তাকে মানানসই করতে স্পেশাল এডুকেশনের একজন শিক্ষক জেনারেল এডুকেশনের (সাধারণ শিক্ষার) অন্য একজন ক্লাসরুম শিক্ষকের সাথে কাজ করেন।

সমন্বিত সহ-শিক্ষকতা (ইনটিগ্রেটেড কো-টিচিং, ICT)

সমন্বিত সহ-শিক্ষকতার (ইনটিগ্রেটেড কো-টিচিং, ICT) ক্লাসগুলো হচ্ছে জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) ক্লাস যেখানে IEP-যুক্ত শিক্ষার্থীদেরকে IEP-হীন শিক্ষার্থীদের সাথে পরিষেবা দেয়া হয়। ক্লাসে 12 জনের (অথবা 40 শতাংশের) অধিক শিক্ষার্থীর IEP থাকতে পারবে না। ক্লাসরুমে সবসময় 2 জন শিক্ষক থাকেন — একজন জেনারেল এডুকেশন শিক্ষক এবং অন্যজন স্পেশাল এডুকেশন শিক্ষক। শিক্ষকগণ একটি টিম হিসেবে কাজ করেন; তারা বিভিন্ন পাঠ্য-বিষয়সমূহ এবং শিক্ষা-নির্দেশনার পরিবর্তন ঘটিয়ে সেগুলিকে মানানসই করেন যেন পুরো ক্লাসের অংশগ্রহণ নিশ্চিত করা যায়।



স্পেশাল ক্লাস

একটি বিশেষ তথা স্পেশাল ক্লাসে, সকল শিক্ষার্থী IEP-যুক্ত এবং যাদের চাহিদা জেনারেল এডুকেশন ক্লাসরুমে পূরণ করা সম্ভব নয়। তাদের শিক্ষাদান করেন একজন স্পেশাল এডুকেশন শিক্ষক, যিনি স্পেশালাইজড তথা বিশেষায়িত শিক্ষা-নির্দেশনা প্রদান করেন। ডিস্ট্রিক্ট 1-32 এলিমেন্টারি স্কুলগুলোর স্পেশাল ক্লাসে তিন বছরের বয়সসীমার মধ্যের সর্বোচ্চ 12 জন শিক্ষার্থী থাকে এবং যাদের অনুরূপ শিক্ষাগত চাহিদা আছে। স্পেশাল ক্লাসে বাড়তি সহায়তার জন্য একজন প্যারাপ্রফেশনাল থাকতে পারেন। স্পেশাল ক্লাসগুলোকে প্রায়শই সেগুলোর শিক্ষক-শিক্ষার্থীর অনুপাত দিয়ে বোঝানো হয়ে থাকে:

- 12:1 (12 জন শিক্ষার্থী, একজন স্পেশাল এডুকেশন শিক্ষক)
- 12:1:1 (12 জন শিক্ষার্থী, একজন স্পেশাল এডুকেশন শিক্ষক, একজন ক্লাসরুম প্যারাপ্রফেশনাল)

ডিস্ট্রিক্ট 1– 32 স্কুলগুলোতে বিভিন্ন বিশেষায়িত কর্মসূচি বা স্পেশালাইজড প্রোগ্রাম

স্পেশালাইজড প্রোগ্রামগুলো হলো অনন্যভাবে ডিজাইনকৃত ক্লাসরুম পরিবেশ এবং পরিষেবার মডেল। যদি আপনার সন্তানকে অটিজম, বৌদ্ধিক, একাধিক বা আবেগজনিত প্রতিবন্ধিতাগত শিক্ষাগত শ্রেণীবিন্যাস করা অথবা দ্বিভাষিক বিশেষ শিক্ষা তথা বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশনের জন্য সুপারিশ করা হয়ে থাকে, তবে আপনার সন্তানের IEP টিম আপনার সন্তানের IEP মিটিংয়ে বিশেষায়িত বা স্পেশালাইজড প্রোগ্রামগুলো নিয়ে আলোচনা করতে পারেন। নির্দিষ্ট স্পেশালাইজড প্রোগ্রাম বা বিশেষায়িত কর্মসূচিগুলির জন্য, আপনাকে আবেদনপত্র জমা দিতে হতে পারে। যদি নির্ধারিত হয় যে আপনার সন্তানকে একটি স্পেশালাইজড প্রোগ্রামে সহায়তা প্রদান করা যেতে পারে, তবে তাকে কিন্ডারগার্টেন ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে ইতোমধ্যে যে অফার দেয়া হয়েছে সেখান থেকে ভিন্ন কোনও স্কুলে আসন দেয়া হতে পারে। বিশেষায়িত বা স্পেশালাইজড প্রোগ্রামের অন্তর্ভুক্ত আছে:

শিক্ষায়তনিক, পেশাগত, এবং অপরিহার্য দক্ষতাসমূহ (অ্যাকাডেমিক, ক্যারিয়ার, অ্যান্ড এসেনশিয়াল স্কিলস, ACES) কর্মসূচি

ACES কর্মসূচিগুলো ডিস্ট্রিক্ট 1-32 স্কুলে শিক্ষায়তনিক, চাকুরি, এবং জীবনযাপনের দক্ষতাসমূহ শেখার সুযোগ দেয়। ACES প্রোগ্রামগুলো অপেক্ষাকৃত ছোট ক্লাস কাঠামোতে বৌদ্ধিক প্রতিবন্ধিতা (ইন্টেলেকচুয়াল ডিস্যাবিলিটি, ID) অথবা বহুবিধ প্রতিবন্ধিতা (মাল্টিপল ডিস্যাবিলিটি, MD) রয়েছে এমন কিছু শিক্ষার্থীদের সহায়তা দেয়।

আপনি যদি মনে করেন ACES কর্মসূচি আপনার সন্তানের জন্য উপযুক্ত, তবে আপনার সন্তানের স্কুল ও IEP টিম-এর সাথে আলাপ করুন, এবং আপনি যেকোনো সময় কেন্দ্রীয় ACES টিম-এর কাছে একটি আবেদনপত্র জমা দিতে পারেন। আবেদনপত্রসমূহ আমাদের ওয়েবসাইট: schools.nyc.gov/special-education/school-settings/specialized-programs -এ পাওয়া যাবে অথবা যদি আপনি ACES টিম-এর সাথে ACESprograms@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করেন তবে আপনাকে একটি পাঠানো যেতে পারে।

এছাড়াও স্কুলের স্টাফ আপনাকে আবেদন প্রক্রিয়াতে সহায়তা করতে পারেন। সকল মূল্যায়ন হালনাগাদ আছে (আবেদন এক বছরের মধ্যে করা হয়েছে) সে বিষয়টি নিশ্চিত করতে ACES টিম আপনার এবং IEP টিমের সাথে কাজ করবে। যেসব শিক্ষার্থী সেপ্টেম্বরে কিন্ডারগার্টেনে প্রবেশ করছে, তাদের পরিবারের অথবা স্কুলের যত তাড়াতাড়ি সম্ভব ACES টিমের সাথে যোগাযোগ করা উচিত।

অটিজম প্রোগ্রামসমূহ

অটিস্টিক শিক্ষার্থীদের সহায়তা করার জন্য NYC পাবলিক স্কুলস্-এর তিনটি প্রোগ্রাম আছে - নেস্ট, হরাইজন, এবং A/MS প্রোগ্রাম। এগুলো ডিস্ট্রিক্ট 1–32 এবং D75 স্কুলগুলোতে পাওয়া যায়। প্রতিটি প্রোগ্রাম বিভিন্ন শিক্ষায়তনিক, ভাষা, যোগাযোগ, এবং সামাজিক দক্ষতা গড়ে তুলতে কাজ করে।

নেস্ট প্রোগ্রামটি ডিস্ট্রিক্ট 1-32-এর নির্দিষ্ট কিছু স্কুলে অটিজম আছে এমন শিক্ষার্থীদেরকে অপেক্ষাকৃত ছোট ICT বিন্যাস প্রদান করে। অধিকাংশ নেস্ট শিক্ষার্থী হয় তার গ্রেড স্তরে অথবা তার উপরের স্তরে রয়েছে এবং একটা সময় পর্যন্ত স্বনির্ভরভাবে কাজ করতে পারে।

হরাইজন প্রোগ্রাম হলো একটি স্পেশাল ক্লাস যেখানে একজন স্পেশাল এডুকেশনের শিক্ষক এবং একজন প্যারাপ্রফেশনালসহ আট জন পর্যন্ত শিক্ষার্থী থাকে। হরাইজন শিক্ষার্থীরা কোনো কোনো বিষয়ে গ্রেড পর্যায়ের মান-এর দিকে অগ্রসর হতে পারে, তাদের সাফল্যের জন্য ছোট দলে শিক্ষা-নির্দেশনা অথবা অন্য কোনো ধরনের সহায়তার প্রয়োজন হতে পারে।



AIMS প্রোগ্রামটি একটি শৈশবকালীন (আর্লি চাইল্ডহুড) প্রোগ্রাম যা কিন্ডারগার্টেন থেকে দ্বিতীয় গ্রেডে অফার করা হয়। এটি শিক্ষার্থী হিসেবে প্রস্তুতি, ভাষা, যোগাযোগ, দৈনন্দিন জীবনের কর্মকাণ্ড, এবং আচরণ সম্পর্কিত ক্ষেত্রে নিবিড় সহায়তার চাহিদাযুক্ত 6 জন অটিস্টিক শিক্ষার্থী নিয়ে গঠিত একটি ছোট ক্লাস কাঠামো প্রদান করে।

AIMS প্রোগ্রামের অংশসমূহ:

- প্রায়োগিক আচরণ বিশ্লেষণ (অ্যাপ্লায়েড বিহেভিয়ার অ্যানালিসিস, ABA) শিক্ষার্থীদের সম্পৃক্ততায় সহায়তা করতে তাদের আচরণ বুঝতে এবং উন্নতিতে প্রমাণ-ভিত্তিক পদ্ধতি ব্যবহার করে।
- মৌখিক আচরণ হলো যোগাযোগ এবং ভাষা শেখানোর একটি পদ্ধতি।
- শিক্ষার্থীদের চাহিদার জন্য ক্লাসরুমের পরিবেশ মানানসই করার শিক্ষাদান পদ্ধতিগুলোর মধ্যে অন্তর্ভুক্ত ভিজুয়াল, সময়সূচি, এবং সাংগঠনিক পদ্ধতি।

আপনি যদি মনে করেন একটি অটিজম প্রোগ্রাম আপনার সন্তানের জন্য উপযুক্ত, আপনি যেকোনো সময় সেন্ট্রাল বা কেন্দ্রীয় টিমের কাছে আবেদনপত্র জমা দিতে পারেন। স্কুলের স্টাফ আপনাকে আবেদন প্রক্রিয়াতে সহায়তা করতে পারেন।

NYC পাবলিক স্কুলস্-এর ওয়েবসাইট - schools.nyc.gov/special-education/school-settings/specialized-programs -এর মাধ্যমে অনুগ্রহ করে একটি বৈদ্যুতিন বা ইলেক্ট্রনিক আবেদন জমা দিন। যদি আপনার কোনো সমস্যা হয়, তবে অনুগ্রহ করে আবেদনপত্র জমা দিতে আপনার সন্তানের স্কুল অথবা IEP টিমের সাথে কাজ করুন। সকল মূল্যায়ন হালনাগাদ আছে সে বিষয়টি নিশ্চিত করতে টিম বা দলটি আপনার এবং IEP টিমের সাথে কাজ করবে। সেপ্টেম্বরে কিন্ডারগার্টেনের নবাগত শিক্ষার্থীদের জন্য, পরিবারবর্গ অথবা স্কুলগুলি যত তাড়াতাড়ি সম্ভব autismprograms@schools.nyc.gov ঠিকানায় ইমেইলের মাধ্যমে কেন্দ্রীয় বা সেন্ট্রাল টিমের সাথে যোগাযোগ করা উচিত।

দ্বিভাষিক বিশেষ শিক্ষা তথা বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন

বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন সেসব শিক্ষার্থীর জন্য যাদের IEP এমন একটি ICT অথবা স্পেশাল ক্লাসের পরিবেশ যেখানে শিক্ষা-নির্দেশনায় ইংরেজি-ভিন্ন অন্য কোনও ভাষা ব্যবহৃত হয়, তা সুপারিশ করে। এই প্রোগ্রামগুলো প্রতিবন্ধিতাযুক্ত বহুভাষী শিক্ষার্থীদেরকেও (মাল্টিলিঙ্গুয়াল লার্নার, MLL) সহায়তা দেয়, যারা তাদের পরিচিত সংস্কৃতি ও ভাষায় শিক্ষা নির্দেশনা থেকে উপকৃত হয়। তথ্যের জন্য উল্লেখিত ওয়েবসাইট: schools.nyc.gov/special-education/school-settings/specialized-programs, অথবা একই ওয়েবসাইটে অবস্থিত বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন ফ্যামিলি রিসোর্স গাইড দেখুন।



প্যাথ (Path)

প্যাথ প্রোগ্রামটি পুরো ক্লাসে সামাজিক আবেগজনিত সহায়তা দেয়ার পাশাপাশি শিক্ষার্থীদের স্বতন্ত্রভাবে আবেগ নিয়ন্ত্রণে সরাসরি শিক্ষা-নির্দেশনা প্রদান করে। প্যাথ প্রোগ্রামটি হচ্ছে একটি অন্তর্ভুক্তিমূলক ক্লাসরুম সেটিং; একটি সমন্বিত সহ-শিক্ষকতা (ইনটিগ্রেটেড কো-টিচিং, ICT) মডেল, যেখানে শিক্ষকগণ, সোশ্যাল ওয়ার্কারগণ, এবং অকুপেশন্যাল থেরাপিস্ট সহায়তা দেন। শিক্ষকগণ এবং সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদানকারীগণ ক্লাসরুমে মানসিক-আঘাত সত্ত্বেও শিক্ষা-নির্দেশনা চর্চা ব্যবহার করে এবং সামাজিক-আবেগজনিত ও আচরণগত সহায়তা প্রদান করে। আরো তথ্য উল্লেখিত ওয়েবসাইটে পাওয়া যাবে: **Specialized Programs for Students with Disabilities (প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য বিশেষায়িত কর্মসূচিসমূহ) (nyc.gov)** অথবা টিমের একজন সদস্যের সাথে কথা বলতে pathprograms@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করুন।

আরও তথ্য

ডিস্ট্রিক্ট 1-32 স্কুলগুলির স্পেশালাইজড কর্মসূচিসমূহ সম্পর্কে এবং আপনার সন্তান এর যোগ্য কিনা তা আরও ভালোভাবে জানতে, স্পেশালাইজড কর্মসূচির ওয়েবসাইট: schools.nyc.gov/special-education/school-settings/specialized-programs দেখুন অথবা specializedprograms@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

ডিস্ট্রিক্ট 75

উল্লেখযোগ্যভাবে চ্যালেঞ্জিং ডিস্ট্রিক্ট 75 শিক্ষার্থীদের জন্য উচ্চতর স্পেশালাইজড বা বিশেষায়িত শিক্ষা-নির্দেশনা সহায়তা প্রদান করে। ডিস্ট্রিক্ট 75-এর প্রোগ্রামগুলো ঐ স্কুল বিন্ডিংগুলোতে যেখানে ডিস্ট্রিক্ট 1-32 স্কুলগুলিও রয়েছে সেখানকার স্পেশাল ক্লাসে অথবা স্কুল বিন্ডিংগুলো যেখানে সকল শিক্ষার্থী IEP-যুক্ত সেখানে প্রদান করা হতে পারে। কিছু ডিস্ট্রিক্ট 75 পরিষেবা জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষার) ক্লাসরুমে প্রদান করা হতে পারে।

কিন্ডারগার্টেন শিক্ষার্থীদের পরিষেবাদানকারী ডিস্ট্রিক্ট 75-এর ক্লাসগুলোতে উল্লেখিতগুলো অন্তর্ভুক্ত:

স্পেশাল ক্লাসের অনুপাত	বিবরণ
12:1+1 <ul style="list-style-type: none"> 12 জন শিক্ষার্থী একজন শিক্ষক একজন প্যারাপ্রফেশনাল 	যেসব শিক্ষার্থীর শিক্ষায়তনিক এবং/অথবা আচরণগত ব্যবস্থাপনার প্রয়োজন আছে যা শিক্ষা-নির্দেশনামূলক প্রক্রিয়ায় হস্তক্ষেপ করে এবং যার জন্য প্রাপ্তবয়স্কদের কাছ থেকে বাড়তি সহায়তা ও বিশেষায়িত শিক্ষা-নির্দেশনা আবশ্যিক হয়।
8:1+1 <ul style="list-style-type: none"> 8 (আট) জন শিক্ষার্থী একজন শিক্ষক একজন প্যারাপ্রফেশনাল 	যেসব শিক্ষার্থীর অতিমাত্রায় ও দীর্ঘদিনের চাহিদা প্রয়োজন এবং যাদের অব্যাহত, নিবিড় তত্ত্বাবধান, একটি উল্লেখযোগ্য মাত্রায় ব্যক্তিগত নজরদারি, হস্তক্ষেপ, ও আচরণগত ব্যবস্থা প্রয়োজন, তাদের জন্য।
6:1+1 <ul style="list-style-type: none"> 6 জন শিক্ষার্থী একজন শিক্ষক একজন প্যারাপ্রফেশনাল 	অ্যাকাডেমিক, সামাজিক এবং/অথবা আন্তঃব্যক্তিক অগ্রগতি, শারীরিক অগ্রগতি ও ব্যবস্থাপনাসহ অধিকাংশ বা সকল ক্ষেত্রে উচ্চ মাত্রায় চাহিদা প্রয়োজন, সেসব শিক্ষার্থীদের জন্য। ক্লাসগুলো অত্যন্ত নিবিড় স্বতন্ত্র প্রোগ্রামিং, প্রাপ্তবয়স্ক ব্যক্তি কর্তৃক অব্যাহত তত্ত্বাবধান, সকল কাজে সম্পৃক্ত করতে একটি বিশেষায়িত আচরণ নিয়ন্ত্রণ প্রোগ্রাম, এবং একটি স্পিচ/ল্যাঙ্গুয়েজ থেরাপির প্রোগ্রাম (যাতে বর্ধিত / বিকল্প যোগাযোগ অন্তর্ভুক্ত থাকতে পারে) প্রদান করে।
12:1+4 <ul style="list-style-type: none"> 12 জন শিক্ষার্থী একজন শিক্ষক এছাড়াও প্রতি তিনজন শিক্ষার্থীর জন্য একজন প্যারাপ্রফেশনাল 	অতিমাত্রায় ও বহুসংখ্যক প্রতিবন্ধিতাযুক্ত ভাষাগত, শিক্ষায়তনিক, এবং স্বনির্ভর ক্রিয়াশীলতা সীমিত পর্যায়ের, এমন ধরনের সব শিক্ষার্থীর জন্য। ক্লাসগুলো এমন একটি কর্মসূচি প্রদান করে যা পাঠ্যক্রমের সাথে শিক্ষা-নির্দেশনার একটি বিকল্প অনুসরণ করে, দৈনন্দিন জীবনায়পন দক্ষতা, ভাববিনিময় দক্ষতা, ইন্দ্রিয় উদ্দীপন, এবং ডাক্তারি হস্তক্ষেপ প্রদান করে।

এছাড়াও ডিস্ট্রিক্ট 75 উল্লেখযোগ্য শ্রুতি ও দৃষ্টি বৈকল্য আছে এমন শিক্ষার্থীদের বিশেষ ক্লাস পরিষেবা প্রদান করে। স্কুল দিবস জুড়ে বিশেষ ধরনের সরঞ্জাম ও পরিষেবা ব্যবহার করা হয়। পরিষেবায় মধ্যে রয়েছে অডিওলজি, সহায়ক প্রযুক্তি, সাইন ল্যাঙ্গুয়েজে অনুবাদ, ওরিয়েন্টেশন অ্যান্ড মোবিলিটি পরিষেবা, এবং ব্রেইল।

আরও তথ্য এবং প্রোগ্রামের ঠিকানার একটি তালিকার জন্য আমাদের ওয়েবসাইট: district75nyc.org দেখুন অথবা 212-802-1500 নম্বরে ফোন করুন।

সংশ্লিষ্ট পরিষেবাসমূহ



আপনার সন্তানের IEP সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) সুপারিশ করতে পারে। সংশ্লিষ্ট পরিষেবার উদ্দেশ্য হলো একজন শিক্ষার্থীকে তার শিক্ষাগত লক্ষ্য অর্জনে সহায়তা করা। আপনার সন্তানের IEP ক্লাসরুমে সংশ্লিষ্ট পরিষেবা দেয়ার সুপারিশ করতে পারে, যেখানে সংশ্লিষ্ট পরিষেবা প্রদানকারী শিক্ষার্থীকে সহায়তা দেয়ার জন্য শিক্ষক, প্যারাপ্রফেশনাল এবং অন্যান্য প্রাপ্তবয়স্কের সাথে কাজ করতে পারেন। অথবা আপনার সন্তানের IEP স্কুলের অন্য কোনো স্থানে সংশ্লিষ্ট পরিষেবা প্রদানের সুপারিশ করতে পারে। আপনার সন্তানের IEP এককভাবে (ওয়ান-অন-ওয়ান) অথবা ছোট দলে সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদানের সুপারিশ করতে পারে। সংশ্লিষ্ট পরিষেবার (রিলেটেড সার্ভিসের) কিছু উদাহরণ:

- **কাউন্সেলিং:** শিক্ষার্থীদের স্কুলে সামাজিক ও আবেগজনিত দক্ষতার উন্নতিতে সাহায্য করে। লক্ষ্যের অন্তর্ভুক্ত থাকতে পারে আচরণ ও আত্ম-নিয়ন্ত্রণ, সহপাঠীদের সাথে সম্পর্ক ও দ্বন্দ্ব নিরসন এবং দুর্বল আত্মবিশ্বাস সংক্রান্ত সমস্যা দূর করা।
- **হিয়ারিং এডুকেশন সার্ভিসেস (শ্রবণ শিক্ষা পরিষেবাসমূহ):** বধির অথবা শুনতে সমস্যা আছে এমন শিক্ষার্থীদের ভাব বিনিময়ের দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করে। উদ্দেশ্য নিবিষ্ট হতে পারে স্পিচরিডিং (লিপ রিডিং হিসেবেও পরিচিত), শ্রবণ প্রশিক্ষণ (শোনা), এবং ভাষাগত উন্নয়ন প্রচেষ্টার উপর।
- **অকুপেশনাল থেরাপি:** জীবন-যাপন দক্ষতা (যেমন খাওয়া ও নিজের যত্ন নেয়া) এবং সামাজিক দক্ষতা সহ সমস্ত শিক্ষা সম্পর্কিত কর্মকাণ্ডের কার্যাবলীতে শিক্ষার্থীদের উল্লেখিত উন্নয়নের মাধ্যমে সহায়তা করে:
 - সূক্ষ্ম পেশী সঞ্চালন দক্ষতা (বাছ, হাত, এবং আঙ্গুল নাড়াচাড়া)
 - দৃশ্যমান পেশী সঞ্চালন দক্ষতা (হাত-চোখের সমন্বয়)
 - ইন্দ্রিয়জনিত প্রক্রিয়াকরণ (কীভাবে বিভিন্ন ইন্দ্রিয় থেকে তথ্য ব্যবহার করা যায়)
 - জ্ঞানগত ক্রিয়াশীলতা (সমস্যা সমাধান, স্মরণশক্তি, মনোযোগের দক্ষতা)
- **ওরিয়েন্টেশন অ্যান্ড মবিলিটি সার্ভিস:** দৃষ্টি-বৈকল্যযুক্ত শিক্ষার্থীদের চারপাশের পরিবেশ সম্পর্কে সচেতন ও নিরাপদে চলাফেরা করতে সাহায্য করে।
- **ফিজিক্যাল থেরাপি:** শিক্ষার্থীদের শিক্ষাগত পরিবেশ পেতে সহায়তা করে, এতে অন্তর্ভুক্ত, তবে এতেই সীমাবদ্ধ নয়
 - স্কুলে চলাফেরা (হেঁটে, হুইলচেয়ারে, অথবা চলাফেরার জন্য অন্য উপায় ব্যবহার করে স্কুলের বিভিন্ন স্থানে যাতায়াত করা)
 - ক্লাসরুমে বিভিন্ন কর্মকাণ্ড (ক্লাসরুমের পরিবেশে শারীরিকভাবে অংশগ্রহণ করা ও চলাফেরা সংক্রান্ত ক্রীয়াশীলতা)
 - লাঞ্চরুম, প্লেগ্ৰাউন্ড, বাথরুম, পরিবহন ইত্যাদি স্থানে যাতায়াত ও অংশগ্রহণ
 - স্কুল থেকে স্কুল পরবর্তী কার্যক্রমে উত্তরণ

- **স্কুলে নার্সের পরিষেবাসমূহ:** স্বাস্থ্য সম্পর্কিত চাহিদা আছে এমন শিক্ষার্থীদের নিরাপদ থাকতে ও স্কুলে অংশগ্রহণ করতে সহায়তা করে।
- **স্পিচ/ল্যাঙ্গুয়েজ থেরাপি:** শোনা এবং কথা বলার দক্ষতা গড়ে তুলতে শিক্ষার্থীদের সহায়তা দেয়। যেসব লক্ষ্যে পদক্ষেপ নিতে পারে:
 - ফোনোলজিক্যাল বা ধ্বনিরীতির দক্ষতাসমূহ (কথায় ধ্বনির সংগঠন)
 - অনুধাবন (ভাষা বোঝা)
 - অভিব্যক্তিমূলক ভাষা (বিভিন্ন শব্দ জোড়া দিয়ে অর্থবহ বাক্য গঠন)
 - বাচনভঙ্গি (কথা বলায় স্পষ্ট ধ্বনি তৈরি)
 - সামাজিক ভাষার দক্ষতা
- **দৃষ্টি সম্পর্কিত শিক্ষা পরিষেবাসমূহ (ভিশন এডুকেশন সার্ভিসেস):** অন্ধ অথবা দৃষ্টি বৈকল্য আছে এমন শিক্ষার্থীদের ব্রেইল ব্যবহারে সহায়তা দেয়। সকল শিক্ষার্থীকে সহায়তা দিতে অন্তর্ভুক্তি চর্চা করে। সংশ্লিষ্ট পরিষেবার সুপারিশগুলো হওয়া উচিত:
 - শিক্ষার্থীর স্বাভাবিক শেখার পরিবেশ এবং শিক্ষার্থীর জন্য যথাযথ গ্রুপে শিক্ষা অর্জনের জন্য সুপারিশ।
 - বিশেষভাবে শনাক্তকৃত বিভিন্ন দক্ষতা অর্জনের জন্য স্বতন্ত্র পরিষেবাসমূহের সুপারিশ।
 - একটি অধিক অন্তর্ভুক্তিমূলক পরিষেবার শর্ত (স্বাভাবিক শেখার পরিবেশ) সুপারিশ করার যথাযথ সময় নির্ধারণ করতে স্বতন্ত্র সুপারিশগুলোর নিয়মিত পর্যালোচনা করা উচিত।
 - IEP সুপারিশকৃত সংশ্লিষ্ট পরিষেবাগুলো বিভিন্ন অন্তর্ভুক্তিমূলক চর্চার উপর মনোনিবেশ করে প্রতি বছর পর্যালোচনা করা উচিত।

অন্যান্য প্রোগ্রাম এবং পরিষেবা

শিক্ষার্থীর IEP-তে সুপারিশ করা হতে পারে এমন অন্য কিছু কর্মসূচি ও পরিষেবার বর্ণনা নিচে দেয়া হলো।

অ্যাসিসটিভ টেকনলজি ডিভাইস (সহায়ক প্রযুক্তিগত সরঞ্জাম) এবং পরিষেবা

অ্যাসিসটিভ টেকনলজি ডিভাইস (AT) হচ্ছে এমন এক ধরনের সরঞ্জাম, জিনিস বা ব্যবস্থা যা কোনো শিক্ষার্থীর ক্রিয়াশীলতার সক্ষমতা বাড়াতে, বজায় রাখতে, বা উন্নত করতে ব্যবহার করা হয়, যেমন কমিউনিকেশন বোর্ড, কমিউনিকেশন ডিভাইস, FM ইউনিট, এবং কম্পিউটার বা ট্যাবলেট ব্যবহারের সুযোগ। অ্যাসিসটিভ টেকনলজি সার্ভিসগুলো এসব সরঞ্জাম সফলভাবে ব্যবহার করতে সহায়তা দেয়।

অ্যাডাপ্টিভ ফিজিক্যাল এডুকেশন (অভিযোজিত শরীরচর্চা শিক্ষা)

অ্যাডাপ্টিভ ফিজিক্যাল এডুকেশন (APE) হলো শিক্ষার্থীদের আগ্রহ, সক্ষমতা, ও সীমাবদ্ধতার উপর নির্ভর করে বিশেষভাবে প্রস্তুত করা গঠনমূলক নির্দেশনাগত কর্মসূচি, গেমস, স্পোর্টস এবং রিদম (তাল/ছন্দ)। যদি আপনার সন্তানের প্রতিবন্ধিত্বের কারণে বিভিন্ন পরিবর্তন সহ কিংবা ছাড়া তার নিয়মিত শরীরচর্চা শিক্ষার প্রোগ্রামে নিরাপদ অথবা সফলভাবে অংশগ্রহণ করতে না পারে, তাহলে IEP টিম তার জন্য APE সুপারিশ করবে।

এক্সটেন্ডেড স্কুল ইয়ার (দীর্ঘায়িত শিক্ষা বছরের) পরিষেবাসমূহ (12-মাসের পরিষেবাসমূহ)

এক্সটেন্ডেড স্কুল ইয়ার (দীর্ঘায়িত শিক্ষা বছরের) পরিষেবাসমূহ সেসব প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীকে প্রদান করা হয় যাদের শিক্ষা বছরে অর্জিত অগ্রগতি বজায় রাখতে সামারের (গ্রীষ্মে) বিশেষ শিক্ষা-নির্দেশনা এবং/অথবা সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) আবশ্যিক হয়।

বাড়িতে এবং হাসপাতালে শিক্ষা-নির্দেশনা

বাড়িতে এবং হাসপাতালে শিক্ষা-নির্দেশনা হলো এমন শিক্ষা-নির্দেশনা যা আবেগজনিত অথবা চিকিৎসাগত কারণে স্কুলে যেতে অক্ষম প্রতিবন্ধী শিক্ষার্থীদের প্রদান করা হয়। শিক্ষার্থী স্কুলে যেতে সক্ষম না হওয়া পর্যন্ত কিংবা হাসপাতাল থেকে ছেড়ে না দেয়া পর্যন্তই শুধু এই পরিষেবা দেয়া হয়। কোনো বিরল পরিস্থিতিতে যখন কোনো শিক্ষার্থী সুপারিশকৃত স্থানে আসন পাবার অপেক্ষায় থাকে, তখন আসন খালি না পাওয়া পর্যন্ত এসব পরিষেবা প্রদান করা হতে পারে।

প্যারাপ্রফেশনাল পরিষেবাসমূহ

প্যারাপ্রফেশনালগণ হলেন সহায়তাকারী—শিক্ষকগণ নয়— তারা সেসব ছেলেমেয়েকে সহায়তা করেন, যাদের শিক্ষক ও পরিষেবা প্রদানকারী ছাড়াও প্রাপ্তবয়স্কদের সহায়তা প্রয়োজন হয়। প্যারাপ্রফেশনালগণ পুরো ক্লাসকে সহায়তা প্রদান করতে অথবা একজন বা একই সময়ে একাধিক শিক্ষার্থীর সাথে কাজ করতে পারেন। তারা স্কুলের পুরো দিন কিংবা আংশিক দিনের জন্য কাজ করতে পারেন। প্যারাপ্রফেশনালগণ আচরণ নিয়ন্ত্রণে এবং স্বাস্থ্যগত চাহিদায় সহায়তা করতে পারেন। তাদেরকে ওরিয়েন্টেশন ও মোবিলিটি (দিক-নির্ণয় ও চলাচল ক্ষমতা) অথবা টয়লেট ট্রেনিংয়েও সহায়তা দিতে সুপারিশ করা হতে পারে।



আসনদানের অন্যান্য সুপারিশসমূহ



ডিস্ট্রিক্ট 1-32 অথবা ডিস্ট্রিক্ট 75-এর কোনো স্কুলে যেসব শিক্ষার্থীর চাহিদা পূরণ করা যায় না, তারা এর পরিবর্তে নিচে তালিকাভুক্ত সেটিংয়ে আসন লাভের সুপারিশ পেতে পারে।

NY স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট (NYSED) অনুমোদিত নন-পাবলিক স্কুলসমূহ

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট (NYSED)-অনুমোদিত স্কুলগুলো হলো বেসরকারি বা নন-পাবলিক স্কুল যেগুলো ব্যাপক শিক্ষাগত চাহিদাযুক্ত শিক্ষার্থীদের প্রোগ্রাম প্রদান করে, যাদের চাহিদা পাবলিক স্কুলের প্রোগ্রামে পূরণ করা সম্ভব নয়। NYSED-অনুমোদিত নন-পাবলিক স্কুলগুলোতে শুধু প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীরাই ভর্তি হয়। NYSED-অনুমোদিত নন-পাবলিক স্কুলসমূহ স্কুল দিবসের জন্য (“দিন”) অথবা প্রতিদিন 24-ঘণ্টার জন্য (“আবাসিক”) দেয়া হতে পারে।

24 ঘণ্টা মনোযোগ আবশ্যিক, এমন ব্যাপক শিক্ষাগত চাহিদাযুক্ত শিক্ষার্থীদেরকে NYSED-অনুমোদিত আবাসিক স্কুলগুলোতে পরিষেবা প্রদান করে। NYSED-অনুমোদিত আবাসিক স্কুলগুলি ক্লাসরুমে একটি শৃঙ্খলাবদ্ধ আবাসিক পরিবেশে স্কুল প্রাঙ্গণে দিনে 24 ঘণ্টা নিবিড় কর্মসূচি প্রদান করে।

IEP টিম যদি আপনার সন্তানের IEP-তে একটি নন-পাবলিক স্কুলে আসনদানের সুপারিশ করে, তাহলে IEP টিম সেন্ট্রাল বেজড সাপোর্ট টিম (CBST)-এর সাহায্য চাইবেন। CBST হলো নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর অফিস যেটি শিক্ষার্থীদের স্টেট-অনুমোদিত নন-পাবলিক স্কুলের সাথে মানানসই করে। একজন CBST কেইস ম্যানেজার আপনার সন্তানের জন্য নন-পাবলিক স্কুলগুলোয় আবেদন করবেন। আপনার আবেদন প্রক্রিয়ায় অংশগ্রহণ করা উচিত, এতে ইন্টারভিউ অথবা অন্যান্য কারণে স্কুলগুলি পরিদর্শন অন্তর্ভুক্ত হতে পারে।

NY স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট (NYSED) সমর্থিত স্কুলসমূহ

স্টেট-সমর্থিত স্কুলগুলো (যা “4201 স্কুল” নামেও পরিচিত) যেসব যোগ্য শিক্ষার্থী বধির, অন্ধ, অথবা গুরুতর আবেগজনিত বা চিকিৎসাজনিত প্রতিবন্ধিতা আছে, তাদেরকে নিবিড় স্পেশাল এডুকেশন বা বিশেষ শিক্ষা পরিষেবা প্রদান করে। কোনও শিক্ষার্থীর এই ধরনের প্রোগ্রাম প্রয়োজন কিনা সেবিষয়ে IEP টিম সিদ্ধান্ত নেবে। কিছু স্টেট-সমর্থিত স্কুল আছে যা দিবা বা ডে স্কুল, এবং কিছু স্কুল যেসব শিক্ষার্থীর 24-ঘণ্টার প্রোগ্রামিং প্রয়োজন, তাদের জন্য সপ্তাহে পাঁচ দিনের আবাসিক সেবা প্রদান করে। আপনি যদি বিশ্বাস করেন যে আপনার সন্তানের জন্য স্টেট-সমর্থিত স্কুল প্রয়োজন, আপনার IEP টিম প্রক্রিয়াটিতে আপনাকে সহায়তা করতে পারেন।

প্রিস্কুল থেকে উত্তরণের সময় পিতামাতাদের অধিকার

কিন্ডারগার্টেনে প্রবেশকারী একজন শিক্ষার্থীর পিতামাতা হিসেবে, আপনার কিছু অধিকার রয়েছে।

- IEP টিম বাধ্যতামূলক বলে নির্ধারণ করেছে এমন কোনো নতুন মূল্যায়নে আপনার সম্মতি প্রদানের বা প্রত্যাহারের অধিকার রয়েছে। তবে, আপনার সন্তানের যদি প্রিস্কুল IEP থাকে এবং IEP টিম আপনার সম্মতি নিতে চেষ্টা করেও উত্তর না পায়, সেক্ষেত্রে আপনার সম্মতি ছাড়াই মূল্যায়ন পরিচালিত হবে।
- IEP টিম-এর কাছে একটি চিঠি লিখে কোনো বিশেষ মূল্যায়ন পরিচালনার অনুরোধ জানানোর অধিকার আপনার রয়েছে।
- আপনার IEP টিমকে বেসরকারিভাবে পরিচালিত মূল্যায়নের কপি প্রদান করার এবং IEP টিমকে দিয়ে এসব মূল্যায়ন পর্যালোচনা ও বিবেচনা করানোর অধিকার রয়েছে।
- আপনার সন্তানের IEP টিম-এর একজন সম-অধিকারসম্পন্ন সদস্য হওয়ার এবং সকল IEP মিটিংয়ে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অর্থবহভাবে অংশগ্রহণ করার অধিকার আপনার রয়েছে।
- সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সহায়তা করার জন্য আপনার সন্তানকে ভালোভাবে চেনে বা তার সম্পর্কে বিশেষ দক্ষতা আছে, এমন অন্যান্য ব্যক্তিদেরকে IEP মিটিংয়ে আমন্ত্রণ জানানোর অধিকার আপনার আছে।
- IEP মিটিং-এর আগে আপনার সন্তানের মূল্যায়নের কপি এবং অগ্রগতির রিপোর্ট পাওয়ার এবং আপনার সন্তানের IEP মিটিংয়ের দুই সপ্তাহের মধ্যে আপনার সন্তানের IEP-এর কপি পাওয়ার অধিকার আপনার রয়েছে।
- আপনার সন্তান সম্পর্কে গৃহীত সিদ্ধান্তগুলোর সাথে আপনি দ্বিমত পোষণ করলে, আরেকটি IEP মিটিংয়ের, মধ্যস্থতার, কিংবা একটি নিরপেক্ষ শুনানি আয়োজনের অনুরোধ করার, কিংবা নিউ ইয়র্ক স্টেট বরাবর একটি অভিযোগ জমা দেয়ার অধিকার আপনার রয়েছে।
- যেকোনো সময় IEP টিম-এর কাছে চিঠি লিখে সকল স্পেশাল এডুকেশন (বিশেষ শিক্ষা) কর্মসূচি ও পরিষেবা বিষয়ে সম্মতি রদ (প্রত্যাহার) করার অধিকার আপনার রয়েছে। আপনি যদি তা করেন, তাহলে আপনার সন্তানের শিক্ষাগত ফাইল দেখাবে যে আপনার সন্তান প্রি-স্কুলে স্পেশাল এডুকেশন সার্ভিস গ্রহণ করেছিল।
- আপনার IEP মিটিংগুলিতে একজন দোভাষী পাবার অধিকার আছে। আপনি IEP টিম-এর সাথে যোগাযোগের মাধ্যমে আপনার সন্তানের IEP-র একটি অনুবাদিত কপি, মূল্যায়নের রিপোর্ট অথবা নোটিস, অথবা আপনার সন্তানের IEP সম্পর্কিত বাড়তি দোভাষী সহায়তাও পেতে পারেন।
- নির্দিষ্ট সময়সীমার মধ্যে স্পেশাল এডুকেশনে ভর্তি এবং পরিষেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি (নোটিফিকেশন) পাবার অধিকার আপনার আছে। যে ক্যালেন্ডার বছরে একজন শিক্ষার্থীর বয়স পাঁচ বছর হবে এবং এই ফল-এ (হেমন্তে) কিন্ডারগার্টেনে ভর্তি হবে, তার জন্য:

যদি একটি রেফারেল গৃহীত হয়...	...উল্লেখিত তারিখের মধ্যে অবশ্যই আসন অফার করতে হবে:
1 সেপ্টেম্বর থেকে 1 মার্চ পর্যন্ত	15 জুন
2 মার্চ থেকে 1 এপ্রিল পর্যন্ত	17 জুলাই
2 এপ্রিল থেকে 10 মে পর্যন্ত	15 অগাস্ট
11 মে থেকে 31 অগাস্ট	রেফারেলের তারিখ থেকে 60 স্কুল দিবসের মধ্যে



এর অর্থ হচ্ছে আপনার সন্তানের যদি মার্চের আগে একটি প্রিঙ্কুল IEP থেকে থাকে অথবা মার্চের আগে আপনি আপনার সন্তানকে যদি স্পেশাল এডুকেশন (বিশেষ শিক্ষা) মূল্যায়ন করার জন্য সুপারিশ করে থাকেন, তাহলে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ অবশ্যই আপনাকে সেপ্টেম্বরে প্রদত্ত পরিষেবা ও আসনদান সম্পর্কে 15 জুনের মধ্যে অবহিত করবে। নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ আপনার সন্তানকে যেসব পরিষেবাসমূহ দেয়া হবে এবং সে যেই স্কুলে এসব পরিষেবা লাভ করবে সেটার নাম উল্লেখ করবে।

- যদি আপনি উপর্যুক্ত সময়সীমার কয়েকদিনের মধ্যে আসন লাভ না করেন, তবে অনুগ্রহ করে 311 নম্বরে ফোন করুন অথবা KindergartenIEPProcess@schools.nyc.gov -ঠিকানায় ইমেইল করুন। যদি IEP-তে স্পেশাল ক্লাস সুপারিশ করা হয় এবং DOE উপর্যুক্ত ছকে উল্লেখিত সময়সীমার মধ্যে সুপারিশকৃত ব্যবস্থার আয়োজন না করে, তাহলে সন্তানকে নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট-অনুমোদিত একটি নন-পাবলিক স্কুলে যথাযথ কর্মসূচিতে আপনার অর্থব্যয় ছাড়া ভর্তি করার অধিকার আপনার আছে।
- যদি আপনি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ দ্বারা পরিচালিত মূল্যায়নের সাথে একমত না হয়ে থাকেন, তবে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর খরচে একটি স্বতন্ত্র মূল্যায়ন লাভের অনুরোধ করার অধিকার আপনার আছে। এই অনুরোধটি আপনাকে অবশ্যই লিখিতভাবে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-কে জানাতে হবে। নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ হয় একটি নিরপেক্ষ মূল্যায়নের ব্যয়ভার বহন করতে সম্মত হবে, না হয় মূল্যায়নটি যে পর্যাপ্ত হয়েছে, তা প্রমাণের জন্য একটি নিরপেক্ষ শুনানির ব্যবস্থা করবে।
- নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ নিম্নলিখিত সারণিতে উল্লেখিত সময়সীমার মধ্যে মূল্যায়নটি সম্পন্ন না করে (এর ব্যতিক্রম, যদি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ এই বিলম্বের জন্য দায়ী না হয়), তবে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর খরচে আপনার একজন স্বতন্ত্র মূল্যায়নকারী লাভ করার অধিকার আছে।

যদি পুনর্মূল্যায়নের অনুরোধ গৃহীত হয়ে থাকে...	...মূল্যায়ন উল্লেখিত তারিখের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে:
2 সেপ্টেম্বর থেকে 3 মার্চ পর্যন্ত	2 জুন
4 মার্চ থেকে 1 এপ্রিল পর্যন্ত	1 জুলাই
2 এপ্রিল থেকে 12 মে পর্যন্ত	1 অগাস্ট
13 মে থেকে 29 অগাস্ট পর্যন্ত	রেফারেলের তারিখ থেকে 60 স্কুল দিবসের মধ্যে

প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের পিতামাতার অধিকার সম্পর্কে আরও তথ্যের জন্য, আমাদের ফ্যামিলি গাইড টু স্পেশাল এডুকেশন স্কুল-এজ সার্ভিসেস অনলাইনে - schools.nyc.gov/special-education/help/contacts-and-resources ঠিকানায় এবং নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের প্রসিডিউরাল সেফগার্ড নোটিস: রাইটস্ ফর প্যারেন্টস্ অভ চিলড্রেন উইথ ডিস্যাবিলিটিজ, বয়স 3-21 (স্টেটমেন্ট অভ ফ্যামিলিজ রাইটস্) অনলাইনে - schools.nyc.gov/special-education/help/your-rights -এ পাওয়া যাবে। উভয় নথি বা ডকুমেন্ট স্কুলগুলোতেও পাওয়া যাবে।

কীভাবে সহায়তা পাবেন

আপনার নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর IEP টিম

প্রশ্ন আছে কি? একটি স্কুল কিংবা CSE অফিসের একজন প্রতিনিধি আপনাকে এবং আপনার সন্তানকে স্কুলবয়সী স্পেশাল এডুকেশন পরিষেবায় উত্তরণে সহায়তা করবেন। আপনার সকল প্রশ্ন ও উদ্বেগ জানাবার প্রথম ব্যক্তি হলেন তিনি। কিন্ডারগার্টেনের IEP প্রক্রিয়ার শুরুতে আপনাকে পাঠানো পূর্ব লিখিত বিজ্ঞপ্তিতে (প্রায়োর রিটেন নোটিস, PWN) আপনার IEP টিমের তথ্যও উল্লেখিত হবে।

বাড়তি সহায়তা

আপনার যদি এমন কোনো সমস্যা থাকে যা আপনার IEP টিম বা CSE ডিস্ট্রিক্ট অফিস সমাধান করতে পারবে না, তাহলে আপনি 311 নম্বরে ফোন করে অথবা KindergartenIEPProcess@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করে আরও সহায়তা চাইতে পারেন।

অনুগ্রহ করে নিম্নলিখিত তথ্য প্রদান করুন:

- আপনার সন্তানের নাম, জন্ম তারিখ এবং NYC ID
- স্কুলের নাম এবং নম্বর অথবা যে CSE আপনাকে তথ্য পাঠিয়েছে, অথবা IEP মিটিংয়ের আয়োজন করেছে
- আপনার উদ্বেগের একটি সংক্ষিপ্ত বিবরণ

আপনি নিম্নোক্ত সংগঠনগুলোর সাথেও যোগাযোগ করতে পারেন।

স্পেশাল এডুকেশন প্যারেন্ট সেন্টারসমূহ

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট অর্থায়িত স্পেশাল এডুকেশন প্যারেন্ট সেন্টারগুলো প্রতিবন্ধী শিক্ষার্থীর পিতামাতাদের জন্য বিভিন্ন তথ্য ও সংস্থান প্রদান করে।

INCLUDEnyc

116 East 16th Street, 5th Floor
New York, NY 10003
212-677-4660 (ইংরেজি)
212-677-4668 (স্প্যানিশ)

ওয়েবসাইট: includenyc.org

ব্রংক্স, ব্রুকলিন, ম্যানহ্যাটন, এবং কুইন্সে পরিষেবা দেয়
(এছাড়াও সিটিব্যাপী প্যারেন্ট ট্রেনিং অ্যান্ড ইনফরমেশন সেন্টার
(পিতামাতা প্রশিক্ষণ এবং তথ্য কেন্দ্র) হিসেবে কাজ করে)

Parent to Parent of NY State

Institute for Basic Research
1050 Forest Hill Road
Staten Island, NY 10314
(718) 494-4872
ওয়েবসাইট: parenttoparentnys.org/offices/Staten-Island/
স্ট্যাটেন আইল্যান্ডে পরিষেবা দেয়

প্যারেন্ট ট্রেনিং অ্যান্ড ইনফরমেশন সেন্টার (PTIC)

PTIC-গুলোকে প্রতিবন্ধী শিক্ষার্থীদের প্রয়োজন মেটানোর জন্য US ডিপার্টমেন্ট অভ এডুকেশন-এর অফিস অভ স্পেশাল এডুকেশন প্রোগ্রাম অর্থায়ন করে।

Advocates for Children of New York

151 West 30th Street, 5th Floor
New York, NY 10001
হেল্পলাইন: 866-427-6033
ওয়েবসাইট: advocatesforchildren.org

Sinergia/Metropolitan Parent Center

2082 Lexington Avenue, 4th Floor
New York, NY 10035
212-643-2840
ওয়েবসাইট: sinergiany.org

পরিশিষ্ট A: প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ

K-12 গ্রেডের একজন শিক্ষার্থী স্পেশাল এডুকেশন লাভ করার যোগ্য যদি শিক্ষার্থীটি নিচে বর্ণিত প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগের এক বা একাধিক শর্ত পূরণ করে এবং সেজন্য, তার স্পেশাল এডুকেশন পরিষেবা ও কর্মসূচি বা সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) আবশ্যিক হয়।

নিউ ইয়র্ক স্টেট রেগুলেশনস্ অভ দ্যা কমিশনার অভ এডুকেশনে আরও তথ্য পাওয়া যেতে পারে: <http://www.p12.nysed.gov/specialed/lawsregs/documents/regulations-part-200-201-oct-2016.pdf>

প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ	বিবরণ
অটিজম	এটি একটি বেড়ে-ওঠা সম্পর্কিত প্রতিবন্ধিতা, প্রধানত যা একজন শিক্ষার্থীর সামাজিক এবং ভাব-বিনিময়ের দক্ষতাপ্রদায়কে প্রভাবিত করে। এটি আচরণের উপরও প্রভাব ফেলতে পারে এবং একটি ব্যাপক পরিসরের লক্ষণ অন্তর্ভুক্ত করে।
বধিরত্ব	শ্রুতি বৈকল্যযুক্ত একজন শিক্ষার্থী অধিকাংশ অথবা কোনো আওয়াজ শুনতে অক্ষম, এমনকি হিয়ারিং এইড থাকা সত্ত্বেও।
বধিরতা-অন্ধত্ব	কোনও শিক্ষার্থী, যার কান ও চোখ উভয়টিতে গুরুতর বৈকল্য আছে। যোগাযোগ এবং বেড়ে-ওঠা এবং শিক্ষা-সংক্রান্ত অন্যান্য চাহিদা এতটাই অনন্য যে বধিরতা বা অন্ধত্ব আছে এমন শিক্ষার্থীদের জন্য যেসব প্রোগ্রাম সেগুলিও তাদের চাহিদা পূরণ করে না।
আবেগজনিত সমস্যা	একজন শিক্ষার্থী যে নিচের এক বা একাধিক বৈশিষ্ট্য দীর্ঘ সময় ধরে এবং উল্লেখযোগ্য মাত্রায় প্রদর্শন করে, যা শিক্ষার্থীর শিক্ষাগত কার্য-সম্পাদনায় বিরূপ প্রভাব ফেলে: <ul style="list-style-type: none"> শেখার এমন অক্ষমতা যা বুদ্ধিগত, ইন্দ্রিয়গত, বা স্বাস্থ্যের অবস্থা দিয়ে ব্যাখ্যা করা যায় না। সহপাঠী ও শিক্ষকদের সঙ্গে সন্তোষজনক সম্পর্ক গড়ে তোলা অথবা বজায় রাখায় অক্ষমতা সাধারণ পরিস্থিতিতে অসঙ্গত আচরণ বা অনুভূতির ধরনের সাথে সংযুক্ত করে সাধারণভাবে অসুখী কিংবা বিমর্ষ অসামাজিক মেজাজ ব্যক্তিগত ও স্কুলজনিত সমস্যার সঙ্গে সম্পর্ক আছে এমন শারীরিক উপসর্গ অথবা ভীতিগ্রস্ত হবার প্রবণতা।
শ্রুতি বৈকল্য	বধিরতার সংজ্ঞায় পড়ে না এমন কোনো শ্রুতি বৈকল্য যুক্ত কোনো শিক্ষার্থী। এ ধরনের শ্রবণক্ষমতা হ্রাস সময়ের সাথে সাথে পরিবর্তিত হতে পারে।
বুদ্ধি প্রতিবন্ধিতা	উল্লেখযোগ্য বৌদ্ধিক গড় ক্ষমতা এবং মানসসংকরণ (জীবন যাপনে) দক্ষতার নিচে থাকা কোনো শিক্ষার্থী। এছাড়াও শিক্ষার্থীর ভাব বিনিময়, নিজের যত্ন নেয়া এবং সামাজিক দক্ষতায় ঘাটতি থাকতে পারে।
শিক্ষা প্রতিবন্ধিতা	এটি একটি সুপারিসর ধারণা যা লেখাপড়ার বিভিন্ন দিকগুলোকে আওতাভুক্ত করে যেগুলো একজন শিক্ষার্থীর পড়া, লেখা, শোনা, কথা-বলা, যুক্তি প্রয়োগ বা অংক করার সক্ষমতাকে প্রভাবিত করে।
একাধিক প্রতিবন্ধিতা	কোনো শিক্ষার্থী যার একাধিক-প্রতিবন্ধিতা রয়েছে, যা এমন শিক্ষাগত চাহিদা সৃষ্টি করে, যা কোনো একটি প্রতিবন্ধিদের জন্য প্রস্তুতকৃত কর্মসূচি পূরণ করতে পারে না।
অস্থিজনিত বৈকল্য	অস্থিজনিত বৈকল্যের অর্থ হচ্ছে যখন কোনো শিক্ষার্থীর দেহে ক্রিয়াশীলতা বা সক্ষমতার অভাব রয়েছে; যেমন, সেরিব্রাল পালসি।
অন্যান্য স্বাস্থ্যগত বৈকল্য	এটি একটি সুপারিসর ধারণা যা সেসব অবস্থা বোঝায়, যেগুলো কোনো শিক্ষার্থীর শক্তি, উদ্যম, অথবা সচেতনতার সক্ষমতা সীমিত করে। এর একটি উদাহরণ হচ্ছে ADHD, যা মনোযোগে বিঘ্ন সৃষ্টি করে।
বাক অথবা ভাষাগত বৈকল্য	যোগাযোগ ব্যাধি (কমিউনিকেশন ডিসঅর্ডার) রয়েছে এমন একজন শিক্ষার্থী, যেমন তোতলামি, উচ্চারণে সমস্যা, ভাষা বৈকল্য অথবা কণ্ঠস্বরজনিত বৈকল্য, যার ফলে শিক্ষার্থীর জন্য শব্দ বুঝতে কিংবা ভাব প্রকাশ কষ্টসাধ্য হয়।
মস্তিষ্কে আঘাতজনিত জখম	অ্যাকসিডেন্ট অথবা কোনো ধরনের শারীরিক বল প্রয়োগের কারণে মস্তিষ্কে আঘাত প্রাপ্ত কোনো শিক্ষার্থী।
দৃষ্টি বৈকল্য	একজন শিক্ষার্থী যার দৃষ্টি সীমাবদ্ধতা তার শিক্ষাগত কার্য-সম্পাদনার উপর প্রভাব ফেলে। যেকোনো দৃষ্টি জনিত সমস্যা যা চশমা দিয়ে দূর করা যায় না, এতে অন্তর্ভুক্ত হতে পারে আংশিক দৃষ্টি হারানো এবং অন্ধত্ব।

পরিশিষ্ট B: ওয়েবসাইট এবং যোগাযোগের তথ্য

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর গুরুত্বপূর্ণ ওয়েবসাইট এবং যোগাযোগের তথ্য

নিচে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর ওয়েবপেজের একটি তালিকা এবং অন্য যোগাযোগের তথ্য দেয়া হলো যা আপনার জন্য সহায়ক হতে পারে।

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্

ওয়েবসাইট: schools.nyc.gov

কিন্ডারগার্টেনে ভর্তি প্রক্রিয়া

ওয়েবসাইট: schools.nyc.gov/Kindergarten

ইমেইল: ESenrollment@schools.nyc.gov

ফোন: 718-935-2009

সর্বসাম্প্রতিক তথ্যের জন্য গ্রাহক হোন: schools.nyc.gov/subscribe

বিভিন্ন স্কুল খুঁজুন: schools.nyc.gov/find-a-school

স্পেশাল এডুকেশন

ওয়েবসাইট: schools.nyc.gov/specialeducation

ইমেইল: specialeducation@schools.nyc.gov

হটলাইন: 718-935-2007

কিন্ডারগার্টেনে IEP প্রক্রিয়া

ওয়েবসাইট: schools.nyc.gov/special-education/preschool-to-age-21/moving-to-Kindergarten

ইমেইল: KindergartenIEPProcess@schools.nyc.gov

ডিস্ট্রিক্ট 75

ওয়েবসাইট: district75nyc.org

ইমেইল: D75info@schools.nyc.gov

ফোন নম্বর: 212-802-1500

স্পেশালাইজড বা বিশেষায়িত প্রোগ্রামসমূহ

ওয়েবসাইট: schools.nyc.gov/special-education/school-settings/specialized-programs

ইমেইল: SpecializedPrograms@schools.nyc.gov

- ACES: ACESPrograms@schools.nyc.gov
- NEST/হরাইজন: autismprograms@schools.nyc.gov
- দ্বিভাষিক বা বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন: BSEprograms@schools.nyc.gov

নিচে তালিকাভুক্ত বিষয়গুলির উপর তথ্যের জন্য, অনুগ্রহ করে সংশ্লিষ্ট ওয়েবসাইট দেখুন:

- প্রতিবন্ধিতাযুক্তদের জন্য বিশেষ সুবিধা সহ (অভিগম্য) স্কুলসমূহ: schools.nyc.gov/Offices/OSP/Accessibility
 - অভিগম্য স্কুলগুলোর একটি তালিকার জন্য উপরের ওয়েবসাইটে "Accessible Schools" (অভিগম্য স্কুলসমূহ) দেখুন।
- চার্টার স্কুলসমূহ: schools.nyc.gov/community/charters
- স্কুলের স্বাস্থ্য সংক্রান্ত (হেলথ) ফর্মসমূহ: schools.nyc.gov/school-life/health-and-wellness/health-services
- পরিবহন: schools.nyc.gov/school-life/transportation/transportation-overview

পরিশিষ্ট C: মেডিকেশন অ্যাডমিনিস্ট্রেশন ফর্মসমূহ

মেডিক্যাল অ্যাডমিনিস্ট্রেশন ফর্মগুলোর কপির জন্য অনুগ্রহ করে পরবর্তী পৃষ্ঠাগুলো দেখুন।
এছাড়াও আপনি এই ফর্মগুলোর কপির জন্য আপনার IEP টিম-এর কাছে অনুরোধ করতে পারেন এবং
অনলাইনে schools.nyc.gov/school-life/health-and-wellness/health-services -এ
পেতে পারেন।



SCHOOLS.NYC.GOV/KINDERGARTENSPECIALEDUCATION

ডিভিশন অভ ইনক্লুসিভ অ্যান্ড অ্যাক্সেসিবল লার্নিং
333 7th Avenue, New York, NY 10001